প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	প্রতিরক্ষা মন্ত্রণালয়	০৪ টি	০৪ টি	-	--	০৪ টি	-	১৬.৬৬% ১৮০%	-	৯.৪৯% ৯৬.৮৬%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০৪টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
সিএমএইচ ঢাকা সম্প্রসারণ ও আধুনিকায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)	১১৫৬১.৮০	জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৯
ঢাকা সেনানিবাসে ডাইরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই) জন্য আনুষঙ্গিক কাজসহ অফিসার্স মেস কমপ্লেক্স ও বাসস্থান নির্মাণ (১ম সংশোধিত)	১৮৮২২.৩১	জুলাই ২০১৬ হতে জুন ২০২০
কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার	১৮০২৬.০০	মার্চ ২০১৫ হতে জুন ২০২০
রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত)	২৭২২.৯০	জুলাই ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত)	আলোচ্য প্রকল্পটি মোট ২৪৮৭.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কল**ন** মোট ২৭২২.৯০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল ০৬ (ছয়) মাস বৃদ্ধি করে জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯ করা হয় যার মাধ্যমে ব্যয় বৃদ্ধি পায় ১৬.৬৬%। প্রকল্পটির ১ম সংশোধনী ৩০ জুন ২০১৯ অনুমোদিত হয়।
কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার	নতুন ভবন/স্থাপনা এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি অন্তর্ভুক্তি, বিভিন্ন অঙ্গের কাজের পরিমান ও ব্যয় বৃদ্ধির কারণে গত ১৪-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১ম সংশোধিত আকারে **মোট ১৬৩৫৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে** মার্চ, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ **মেয়াদে বাস্তবায়নের** লক্ষ্যে অনুমোদিত হয়। গত ২২-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ২য় সংশোধিত আকারে মোট ১৮০২৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৫ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়। তারপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ মার্চ, ২০১৫ হতে জুন ২০১৯ এর পরিবর্তে মার্চ, ২০১৫ হতে জুন ২০২০ পর্যন্ত করা হয়।
ঢাকা সেনানিবাসে ডাইরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই) জন্য	মূল প্রকল্পটির উপর গত ২০-০৬-২০১৬ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হয়। অতঃপর গত ২৩-

আনুষঙ্গিক কাজসহ অফিসার্স মেস কমপ্লেক্স ও বাসস্থান নির্মাণ (১ম সংশোধিত)	০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট প্রাক্কলিত ব্যয় ১৫০.৭০ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করে প্রকল্পটি অনুমোদিত হয়।
সিএমএইচ ঢাকা সম্প্রসারণ ও আধুনিকায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)	সিএমএইচ-এ একটি আধুনিক আইসিইউ স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ ও নতুনভাবে কিছু কার্যক্রম অন্তর্ভুক্তিপূর্বক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৫৬১.৮০ লক্ষ টাকায় বৃদ্ধি করা হয় এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়, যা গত ১০/১১/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে বাস্তবায়নকারী সংস্থার আবেদনের প্রেক্ষিতে আইএমইডি'র মতামতের ভিতিত্তে আলোচ্য প্রকল্পটি'র পরিকল্পনা কমিশন কর্তৃক দ্বিতীয়বারের মত ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়। সর্বশেষ পুনরায় ব্যয় ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০১৯ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়। সেমতে প্রকল্পটির মোট মেয়াদকাল হল জানুয়ারী, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৯ এবং সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির মোট প্রাক্কলিত মূল্য ৬৪৭৮.০০ লক্ষ টাকা হতে ১১৫৬১.৮০ লক্ষ টাকা দাঁড়ায়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্পের আওতায় নির্মিত সকল অবকাঠামো ও আনুষঙ্গিক যন্ত্রপাতি যথাযথ সংগ্রহপূর্বক বর্তমানে ব্যবহৃত হচ্ছে। তবে ডিপিপিতে ঐ সকল অবকাঠামো সংরক্ষণ ও মেরামতের জন্য কোন অর্থ ব্যয়ের সংস্থান থাকে না। এছাড়া অতিরিক্ত কোন জনবলেরও সংস্থান থাকে না।	প্রকল্পের আওতায় নির্মিত সংশ্লিষ্ট অবকাঠামোসমূহ, ব্যবহৃত ফিটিংস, লিফট, ইলেক্ট্রিক ও মেকানিক্যাল ইউটিলিটিসহ অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি নিয়মিত সংরক্ষণ ও মেরামত- সিএমএইচ তথা সংস্থার নিজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে;
কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুলে সামরিক বাহিনীর দেশ-বিদেশের কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হয়। প্রতিষ্ঠানটির অপারেশনাল ও মেইনটেনেন্স ব্যয় নির্বাহের জন্য বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা থাকা প্রয়োজন।	টেকসইভাবে কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল পরিচালনা ও এর নিয়মিত রক্ষণাবেক্ষণার্থে বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা রাখা যেতে পারে;
রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অনুমোদিত ডিপিপি সংস্থানের অতিরিক্ত উল্লিখিত ব্যয়ে উক্ত অতিরিক্ত কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। বাস্তবতার প্রেক্ষিতে উক্ত অতিরিক্ত কাজের প্রয়োজনীয়তা থাকলেও তা বাস্তবায়নের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া আবশ্যক ছিল যা করা হয়নি। যদিও বিদ্যালয় ভবন নির্মাণকালীন সময়ে মৌসুমী অতিবৃষ্টির কারণে ভূমি ধ্বস শুরু হলে জরুরি ভিত্তিতে ভূমি উন্নয়ন অংগের আওতায় অনুমোদন বর্হিভূতভাবে ভূমি উন্নয়ন, গাইড ওয়াল, রিটেইনিং ওয়াল নির্মাণ করতে হয়েছে বলা হলেও প্রস্তাবিত সংশোধিত DPP'তে অতিরিক্ত কাজের অনুমোদন চাওয়া হয়েছিলো (Post Focto Approval) যা ছিলো সম্পূর্ণভাবে পরিকল্পনা শৃঙ্খলার পরিপন্থী।	যথাযথ কর্তৃপক্ষের পূর্বানোমোদন না নিয়ে প্রকল্পে অতিরিক্ত কাজ করার বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সুপারিশ করা হলেও সুপারিশ অনুযায়ী কোন ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে দৃষ্টিগোচর হয়নি । এ সকল বিষয়ে মন্ত্রণালয়কে আরো সতর্ক দৃষ্টি রাখার বিষয়ে অনুরোধ করা হলো;

সিএমএইচ ঢাকা সম্প্রসারণ ও আধুনিকায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৯**)**

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম : **"সিএমএইচ ঢাকা সম্প্রসারণ ও আধুনিকায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)"** শীর্ষক প্রকল্প।

২. প্রকল্পের ধরন : বিনিয়োগ

৩.

৩.১ অর্থায়নের উৎস : জিওবি

৩.২ উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়

৪.

১.৪ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : প্রতিরক্ষা মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা : সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এবং সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৬৪৭৮.০০	৬৪৭৮.০০	--	--	জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৫	০১/০১/২০১৩	--	--
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	--	--	--	--	জানুয়ারি, ২০১৩ জুন, ২০১৬	০৮/০৪/২০১৫	--	১ বছর
সংশোধিত (১ম) মেয়াদ বৃদ্ধিসহ	১১৫৬১.৮০	১১৫৬১.৮০	--	--	জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭	১০/১১/২০১৬	৭৮%	৬ মাস
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি(৩য়বার)	১১৫৬১.৮০	১১৫৬১.৮০	--	--	জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৮	১৭/১২/২০১৭	--	১ বছর
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৪র্থবার)	১১৫৬১.৮০	১১৫৬১.৮০	--	--	জানুয়ারি, ২০১৩ হতে মার্চ, ২০১৯	২০/০৩/২০১৯		৩ মাস
সংশোধিত (২য়) মেয়াদ বৃদ্ধিসহ	১১৫৬১.৮০	১১৫৬১.৮০	--	--	জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৯	২৫/০৯/২০১৯		৩ মাস

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ৭৮.৪৭%

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ৪০%

৬. **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	ঢাকা	ঢাকা	ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা	--

৭. **প্রকল্পের উদ্দেশ্য:**

- সিএমএইচ হাসপাতালের সম্প্রসারণ ও আধুনিকীকরণার্থে হাসপাতালের বেড সংখ্যা ১০৫০ হতে ১৩০০ এ উন্নীতকরণ এবং চিকিৎসা সেবার মান উন্নয়ন করাই প্রকল্পটির মুল উদ্দেশ্য।

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. **অঙ্গভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
১	স্টেশনারী	থোক	৮.৬৫	থোক	৮.৬৫	থোক
২	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৬.০০	থোক	৬.০০	থোক
৩	পরিবহন ব্যয়	১টি	৩৭.৫০	থোক	৩৭.১০	থোক
৪	কনসালটেন্সী	থোক	৭৯.০০	থোক	৭৮.৯৫	থোক
৫	সম্মানী ভাতা	থোক	৭.০০	থোক	৭.০০	থোক
৬	টেস্টিং ফি	থোক	৩.৭৫	থোক	৩.৭৫	থোক
	উপমোট (রাজস্ব):		**১৪১.৯০**		**১৪১.৪৫**	
	(খ) ক্যাপিটাল:					
৭	যন্ত্রপাতি ও উপকরণ	থোক	৪৬৩৮.৫৫	থোক	৪৬৩৮.৫৫	থোক
৮	আসবাবপত্র সরবরাহ	থোক	১৯৯.০৪	থোক	১৯৯.০৪	থোক
৯	ভূমি উন্নয়ন	ব.মি.	১০২.১৭	১৭০২৮.৩৪ ব.মি.	১০২.১৭	১৭০২৮.৩৪ ব.মি.
১০	অফিস ভবন	ব.মি.	৯৮০.০০	৩৫৩৫.৬৯ ব.মি.	৯৮০.০০	৩৫৩৫.৬৯ ব.মি.
১১	অন্যান্য বিল্ডিং ও অবকাঠামো	ব.মি.	৪৫৬৮.১২	১৩২৭৫.৯৭ ব.মি.	৪৫৫৪.৯৮	১৩২৭৫.৯৭ ব.মি.
১২	রাস্তা/হার্ডস্ট্যান্ডিং	ব.মি.	৩১৭.০৬	৯০৬১.০৩ ব.মি.	৩১৭.০৬	৯০৬১.০৩ ব.মি.
১৩	ড্রেন	ব.মি.	৭৫.০০	১২৫০ ও ১০৫০ ব.মি.	৭৫.০০	১২৫০ ও ১০৫০ ব.মি.
১৪	বাহ্যিক পানি সরবরাহ	থোক	১০৯.৯৬	থোক	১০৯.৯৬	থোক
১৫	টেলিযোগাযোগ	থোক	০.০০	থোক	০.০০	থোক
১৬	বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ	থোক	৩৬২.০১	থোক	৩৬২.০১	থোক
১৭	অন্যান্য	থোক	৬৭.৯৯	থোক	৬৭.৯৯	থোক
১৮	ফিজিক্যাল কন্টিজেন্সি	--	--	--	--	--
১৯	প্রাইজ কন্টিজেন্সি	--	--	--	--	--
	উপ-মোট (মূলধন):		**১১৪১৯.৯০**		**১১৪০৬.৭৬**	
	সর্বমোট (ক+খ):		**১১৫৬১.৮০**		**১১৫৪৮.২১**	

আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৭১% আর ছাড়কৃত অর্থের ৯৯.৮৬%

০৯. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

১০. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):**

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল		দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা
		যোগদান	পরিবর্তন		
লে: ক: এস এম জাকারিয়া হুসেইন	সিএমএইচ প্রকল্প পরিচালক	জানু, ২০১৩	জুন, ২০১৪	অতিরিক্ত	প্রযোজ্য নয়
লে: ক: জি এম মনিরুল ইসলাম	সিএমএইচ প্রকল্প পরিচালক	জুন, ২০১৪	ডিসে: ২০১৫	অতিরিক্ত	প্রযোজ্য নয়
লে: ক: এস এম আশফাকুল ইসলাম	সিএমএইচ প্রকল্প পরিচালক	ডিসে: ২০১৫	জুলাই, ২০১৭	অতিরিক্ত	প্রযোজ্য নয়
লে: ক: সুভাষ চন্দ্র রায়	সিএমএইচ প্রকল্প পরিচালক	জুলাই, ২০১৭	জানু: ২০১৮	অতিরিক্ত	প্রযোজ্য নয়
লে: ক: সৈয়দ নওফেল মাহমুদ	সিএমএইচ প্রকল্প পরিচালক	জানু: ২০১৮	জুলাই, ২০১৯	অতিরিক্ত	প্রযোজ্য নয়
কর্ণেল নাজমুল হক	সিএমএইচ প্রকল্প পরিচালক	জুলাই, ২০১৯	ডিসে: ২০১৯	অতিরিক্ত	প্রযোজ্য নয়

১১. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়।

১২. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: চলমান প্রকল্প বিধায় এখন পর্যন্ত কোনও অডিট হয়নি।

১৩. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত: নিয়মিত স্টিয়ারিং ও পিআইসি সভা অনুষ্ঠিত হয়।

১৪. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে):

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৫. (ক)পরিদর্শনকৃত এলাকা: সিএমএইচ, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: জনাব বাবুলাল রবিদাস, উপ-পরিচালক, তারিখ: ১৫/০৪/২০১৯

১৫।১ **প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষন:**

গত ১৯-১০-২০২১ তারিখে এ বিভাগের পরিচালক কর্তৃক "সিএমএইচ, ঢাকা সম্প্রসারণ ও আধুনিকীকরণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের গুরুত্বপূর্ণ কয়েকটি অংগের কাজের অগ্রগতির সম্পর্কিত বিবরণ সংক্ষেপে নিম্নে তুলে ধরা হলো :

১৬.০ **প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ**

- মূল প্রকল্পটি গত ০১.০১.২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ৬৪৭৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।
- পরবর্তীতে সিএমএইচ-এ একটি আধুনিক আইসিইউ স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ ও নতুনভাবে কিছু কার্যক্রম অন্তর্ভুক্তিপূর্বক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৫৬১.৮০ লক্ষ টাকায় বৃদ্ধি করা হয় এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়, যা গত ১০/১১/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়।

- পরবর্তীতে বাস্তবায়নকারী সংস্থার আবেদনের প্রেক্ষিতে আইএমইডি'র মতামতের ভিত্তিতে আলোচ্য প্রকল্পটি'র পরিকল্পনা কমিশন কর্তৃক দ্বিতীয়বারের মত ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।
- সর্বশেষ পুনরায় ব্যয় ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০১৯ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়। সেমতে প্রকল্পটির মোট মেয়াদকাল হল জানুয়ারী, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৯ এবং সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির মোট প্রাক্কলিত মূল্য ৬৪৭৮.০০ লক্ষ টাকা হতে ১১৫৬১.৮০ লক্ষ টাকা দাঁড়ায়।

১৭.০ **প্রকল্পটির মূল কার্যক্রম:**

- ৮তলা ফাউন্ডেশনসহ ১টি ৪তলা বিশিষ্ট প্রশাসন ব্লক নির্মাণ ;
- ৮তলা ফাউন্ডেশনসহ ১টি ২তলা বিশিষ্ট ট্রমা সেন্টার, ইমার্জেন্সী ও বার্ণ ইউনিট নির্মাণ ;
- ১তলা বিশিষ্ট আধুনিক আইসিইউ ভবন নির্মাণ
- ৮তলা ফাউন্ডেশন ও বেইজমেন্টসহ ১টি ২তলা বিশিষ্ট হসপিটাল এমটি সেকশন নির্মাণ ;
- ৮তলা ফাউন্ডেশন ও বেইজমেন্টসহ ১টি ৪তলা বিশিষ্ট হসপিটাল মেডিকেল স্টোর ভবন নির্মাণ ;
- ৮তলা ফাউন্ডেশন ও বেইজমেন্টসহ ১টি ৪তলা বিশিষ্ট হসপিটাল ক্লথিং স্টোর নির্মাণ ;
- ২টি গেইট ও গার্ড রুম নির্মাণ ;
- বিদ্যমান সাব-স্টেশন ও লন্ড্রি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং
- হাসপাতালের জন্য আধুনিক যন্ত্রপাতি ও আসবাবপত্র সংগ্রহ ।

১৮.০ **প্রকল্প ব্যবস্থাপনা:**

প্রকল্পটি আর্মড ফোর্সেস ডিভিশনের আওতায় এমইএস-এর বিদ্যমান জনবলের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের সুস্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের আওতায় প্রজেক্ট স্টিয়ারিং কমিটি ও প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি রয়েছে।

১৯.০ **প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষন:**

গত ১৯-১০-২০২১ তারিখে এ বিভাগের পরিচালক কর্তৃক "সিএমএইচ, ঢাকা সম্প্রসারণ ও আধুনিকীকরণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের গুরুত্বপূর্ণ কয়েকটি অংগের কাজের অগ্রগতির সম্পর্কিত বিবরণ সংক্ষেপে নিম্নে তুলে ধরা হলো :

১৯.১ আনুষঙ্গিক কাজসহ ৮-তলার ভিত্তিসহ ১টি ১-তলা বিশিষ্ট ৪০ শয্যা মর্ডান আইসিইউ ইউনিট নির্মাণ:

মূল প্রকল্পের আওতায় সাধারণভাবে ১ তলা ৪০ শয্যা বিশিষ্ট মর্ডান আইসিইউ নির্মাণের সংস্থান ছিল। পরবর্তীতে ডিপিপি সংশোধন করে ০৮ তলা ফাউন্ডেশনসহ ০১ তলা ভবন নির্মাণ এবং মর্ডান মেডিক্যাল যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। মর্ডান যন্ত্রপাতি সংগ্রহের পর উক্ত যন্ত্রপাতির আয়তন এবং সাইজ মোতাবেক নির্মিতব্য আইসিইউ ভবনের কক্ষ/জায়গা পরিমাপ করে নির্মাণ করা হয়েছে, যাতে আইসিইউ-তে মেডিকেল যন্ত্রপাতি রাখা সহজ হয়। বর্তমানে আইসিইউ এর জন্য মেডিকেল যন্ত্রপাতি সংগ্রহ করা সম্পন্ন হয়েছে। উপরন্তু, প্রকল্প সংস্থান এর বাইরে, সিএমএইচ এর নিজস্ব অর্থায়নে নির্মিত ১-তলার উপরে আরেকটি তলা নির্মাণ কাজও সম্পন্ন করা হয়েছে। এবং পর্যায়ক্রমে আইসিইউ ইউনিট এর আরও উর্ধ্বমুখি সম্প্রসারণ করার পরিকল্পনা রয়েছে মর্মে জানা যায়।



ছবি : নির্মিত ৪০ শয্যা বিশিষ্ট মর্ডান আইসিইউ ভবন

১৯.২ **৮তলা ফাউন্ডেশনসহ ১টি ২তলা বিশিষ্ট ট্রমা সেন্টার, ইমার্জেন্সী ও বার্ণ ইউনিট নির্মাণ:**

অনুমোদিত ডিপিপি-তে ট্রমা সেন্টার ও বার্ণ ইউনিট নির্মাণের সংস্থান রয়েছে। সে মোতাবেক ৮ তলা ফাউন্ডেশনসহ ২ তলা ৫০ শয্যা বিশিষ্ট ট্রমা সেন্টার এবং ইমার্জেন্সি বার্ণ ইউনিট ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে ট্রমা সেন্টার ও বার্ণ ইউনিটের ইনটেরিয়র ডেকোরেশনের কাজ সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ভবনটিতে Burn & Plastic Surgery Ward. Burn ICU, Burn OT, Neurosurgery & Trauma Ward চালু থাকার প্রভিশন রাখা হলেও উদ্ভুত কোভিড-১৯ ভাইরাসের প্রাদুর্ভাবে ট্রমা সেন্টারটি করোনা আইসোলেশন ইউনিট হিসাবে ব্যবহৃত হয়ে আসছে।

১৯.৩ **৮-তলা ফাউন্ডেশনসহ ১৩টি ৪-তলা বিশিষ্ট প্রশাসনিক ব্লক নির্মাণ :**

অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ৮-তলা ফাউন্ডেশনসহ ১টি ৪-তলা প্রশাসনিক ভবন নির্মাণ কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন হয়েছে। সরেজমিনে পরিদর্শনে গিয়ে দেখা যায়, ভবনটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে এবং বর্তমানে নির্মিত এই ইউনিট সিএমএইচ এর কমানড্যান্ট অফিস, ডেপুটি কমানড্যান্ট অফিস, কোয়ার্টার মাস্টার (হসপিটাল) অফিস, মাস্টার (ইউনিট) অফিস, এডমিন অফিসার অফিস, কনফারেন্স রুম, অফিস এ্যাসিস্ট্যান্ট এন্ড ক্লার্ক রুম ইত্যাদি হিসেবে ব্যবহৃত হচ্ছে।



ছবি : নির্মিত প্রশাসনিক ব্লক

১৯.৪ **৮-তলা ফাউন্ডেশনসহ ১টি ৪-তলা বিশিষ্ট মেডিক্যাল স্টোর নির্মাণ :**

ডিপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় ৮-তলা ফাউন্ডেশনসহ ১টি ৪-তলা বিশিষ্ট মেডিক্যাল স্টোর ভবন নির্মাণ সম্পূর্ণভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে নির্মিত মেডিক্যাল স্টোর ভবনটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। ভবনটির সকল ফ্লোরে প্রয়োজনীয় ফিটিংস, লিফট্, ফ্যান, মেডিসিন রাখার র‍্যাক, আসবাবপত্র ইত্যাদি সরবরাহ করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন গিয়ে দেখা যায়, ভবনটি কেন্দ্রীয়ভাবে বর্তমানে সিএমএইচ এর মেডিসিন ও হাসপাতালের জন্য সরবরাহকৃত অন্যান্য মালামাল সংরক্ষণ করা হচ্ছে।



ছবি : নির্মিত ৪ তলা বিশিষ্ট হাসপাতাল মেডিক্যাল স্টোর

১৯.৫ **৮-তলা ফাউন্ডেশনসহ ১টি ৪-তলা বিশিষ্ট হাসপাতাল ক্লথিং স্টোর নির্মাণ :**

ডিপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় ৮-তলা ফাউন্ডেশনসহ ১টি ৪-তলা হাসপাতাল ক্লথিং স্টোর ভবন নির্মাণ সম্পূর্বনভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে নির্মিত ক্লথিং স্টোর ভবনটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে এবং চুক্তি অনুযায়ী ভবনটির সকল ফ্লোরে প্রয়োজনীয় ফিটিংস, লিফট্, ফ্যান, আসবাবপত্র ইত্যাদি সরবরাহ করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনে গিয়ে দেখা যায় ভবনটি প্রয়োজন অনুযায়ী হাসপাতাল ক্লথিং এবং অন্যান্য ইউটিলিটি (রেশন) সংরক্ষণের জন্য ব্যবহৃত হচ্ছে।



ছবি : নির্মিত ৪ তলা বিশিষ্ট হাসপাতাল ক্লথিং স্টোর

১৯.৬ **৮তলা ফাউন্ডেশন ও বেইজমেন্টসহ ১টি ২তলা বিশিষ্ট এমটি সেকশন নির্মাণ :**

ডিপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় ৮-তলা ফাউন্ডেশন ও ১টি বেইজমেন্টসহ ১টি ২-তলা বিশিষ্ট এম,টি সেকশন নির্মাণ সম্পূর্নভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে নির্মিত ক্লথিং স্টোর ভবনটি হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, নির্মিত ইউনিট সিএমএইচ'র সকল প্রকার মোটর যানবাহন এর পার্কিং ও মেরামতের কাজে ব্যবহৃত হচ্ছে। ৫৫৭ বঃমিঃ এর বেইজমেন্ট এ মোট ১৯টি মোটর যানবাহন রাখা সম্ভব হবে। এবং ২য় তলায় সংশ্লিষ্ট মোটরযান চালকদের আবাসন ও ক্যান্টিন এর ব্যবস্থা রাখা হয়েছে।

১৯.৭ **সিএমএইচ এলাকায় সাব-স্টেশন ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ:**

প্রকল্পের আওতায় বিদ্যমান সাব-স্টেশন ভবনের ১ম তলার উপর ২য়, ৩য় ও ৪র্থ তলা সম্প্রসারণের কাজ সম্পূর্নভাবে সম্পন্ন হয়েছে। ২৬৫ বঃমিঃ আয়তনের ভবনটি বর্তমানে ট্রান্সফরমার রুম, জেনারেটর রুম এবং মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস (এমইএস) অফিস এর জন্য ব্যবহৃত হচ্ছে।

১৯.৮ **মর্ডান আইসিইউ ইউনিট এর জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহঃ**

মর্ডান আইসিইউ ইউনিট এর জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে। পরিদর্শকালে দেখা যায়, দেশি ও বিদেশি সোর্স হতে অনুমোদিত তালিকানুযায়ী সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে এবং সকল যন্ত্রপাতিই সংশ্লিষ্ট ইউনিট সমুহে সংযুক্তকরতঃ বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

১৯.৯ **গেইট, গার্ড রুম, ড্রেনেইজ ও লিংকরোড স্থাপন/তৈরীঃ**

ডিপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় ২টি গেইট এবং ২টি গার্ডরুম তৈরি সম্পন্ন করা হয়েছে। এছাড়া, মোট ১২৫০ মিটার ড্রেইন এবং ৪১২০ বঃ মিঃ লিংকরোড স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে, প্রশাসনিক ব্লক থেকে মেডিসিন স্টোরেজ হয়ে এম,টি সেকশন পর্যন্ত নির্মিত ৭৮০ মিটার বিটুমিনাস এর রাস্তা দিয়ে প্রচুর ভারি ভেহিক্যাল সার্বক্ষণিক চলাচল করে বলে রাস্তাটি এখনই সংস্কারের উপযোগী হয়ে উঠেছে।

২০.০ পর্যবেক্ষণঃ

সমাপ্ত প্রকল্পটির পিসিআর মূল্যায়ন এর নিমিত্তে প্রকল্পটি পরিদর্শনে নিম্নলিখিত বিষয়াদি পর্যবেক্ষণ করা হয়ঃ

- প্রকল্পটির আওতায় নির্মিত সকল অবকাঠামো ও আনুষঙ্গিক যন্ত্রপাতি যথাযথ সংগ্রহপূর্বক বর্তমানে ব্যবহৃত হচ্ছে। তবে প্রকল্পটি ডিপিপিতে ঐ সকল অবকাঠামো সংরক্ষণ ও মেরামতের জন্য কোন অর্থ ব্যয়ের সংস্থান নেই। এছাড়া অতিরিক্ত কোন জনবলেরও সংস্থান নেই।
- প্রকল্পের আওতায় নির্মিত ইমার্জেন্সি ট্রমা ও বার্ন ইউনিটকে করোনা আইসোলেশন হিসেবে ব্যবহার করা হচ্ছে। এছাড়া অন্যান্য অবকাঠামোসমূহ যথাযথ কাজে ব্যবহার করা হচ্ছে। এতে প্রকল্পের উদ্দেশ্য পূরণে সিএমএইচ এর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।
- প্রকল্পের আওতায় নির্মিত লিংকরোডটি মেরামত/সংস্কারের উপযোগী হয়ে পড়েছে এবং এমটি সেকশনে নির্মিত বেইজমেন্ট অব্যবহৃত থাকছে মর্মে দেখা যায়।
- প্রকল্প মেয়াদকালে প্রকল্পটির কোনো অভ্যন্তরীণ বা এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়।
- প্রকল্পের জন্য ক্রয়কৃত একটি মোটরযান প্রকল্প সমাপন্তে প্রচলিত বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়নি।

২১.০ **মতামত/সুপারিশ:**

- প্রকল্পটি বাস্তবায়নোত্তর সংশ্লিষ্ট অবকাঠামোসমূহের সংরক্ষণ ও নিরাপত্তা প্রদানের জন্যে যেহেতু অনুমোদিত ডিপিপি-তে কোন স্থায়ী জনবল এর সংস্থান ছিলনা, সেহেতু প্রকল্পের আওতায় সেহেতু প্রকল্পের আওতায় নির্মিত সংশ্লিষ্ট অবকাঠামোসমূহ সংরক্ষণ ও নিরাপত্তার জন্যে সার্বক্ষণিক সিএমএইচ এর নিজস্ব জনবল নিযুক্ত রাখা যেতে পারে;

- প্রকল্পটি যেহেতু জানুয়ারি ২০১৩ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে সম্পন্ন হয়েছে, সেহেতু প্রকল্প পরবর্তী 'ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ড' ০১ (এক) বছর ইতোমধ্যে সমাপ্ত হয়েছে; সেহেতু প্রকল্পের আওতায় নির্মিত সংশ্লিষ্ট অবকাঠামোসমূহ, ব্যবহৃত ফিটিংস, লিফট, ইলেক্ট্রিক ও মেকানিক্যাল ইউটিলিটিসহ অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি নিয়মিত সংরক্ষণ ও মেরামত- সিএমএইচ এর নিজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে;
- প্রকল্পের আওতায় নির্মিত এম,টি সেকশনের সুপরিসর বেইজমেন্টে সিএমএইচ এর সকল প্রকার মোটরযান রাখা নিশ্চিত করতে হবে। উপরন্তু, সিএমএইচ এ প্রতিদিন আগত মোটরযান পার্কিং এর জন্যে নির্ধারিত মাঠে উম্মুক্ত না রেখে সিএমএইচ এর নিজস্ব অর্থায়নে অস্থায়ী শেড নির্মাণ করা যেতে পারে;
- প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল প্রকার মেডিক্যাল ইকুইপমেন্ট যথাযথ ব্যবহারে সংশ্লিষ্টদের ব্যবহার ও সংরক্ষণ ইস্যুতে উপযুক্ত প্রশিক্ষণ দেয়া যেতে পারে। একই সংগে, যেসকল যন্ত্রপাতির সার্ভিস ওয়ারেন্টি ও রিপ্লেসমেন্ট গ্যারান্টি রয়েছে, সেগুলো প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে;
- প্রকল্পের আওতায় ক্রয়কৃত মোটরযানটি উন্নয়নমুলক প্রকল্প সমাপান্তে প্রচলিত সরকারী বিধিমতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর হস্তান্তর করতঃ প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ কে যথাদ্রুত অবহিত করা যেতে পারেঃ
- প্রকল্প মেয়াদকালে ডিপিপিতে বর্ণিত অডিট প্রতিবেদন আইএমইডি-তে প্রেরণ নিশ্চিত করা যেতে পারে;
- প্রকল্পের আওতাধীন যেসব অবকাঠামো (ট্রমা ইউনিট, আইসিইউ ইউনিট) কোভিড-১৯ ভাইরাসজনিত অস্থায়ী করোনা আইসোলেশন ইউনিট হিসাবে ব্যবহৃত হয়ে আসছে এবং প্রত্যাহার করা হবে, সেসব অবকাঠামোর এক্সেস, এন্ট্রি, হসপিটালাইজেশন, এটেন্ডেন্টস ইত্যাদি বিষয়ে প্রচলিত 'মেডিক্যাল প্রটোকল' কঠোরভাবে প্রতিপালন নিশ্চিত করা যেতে পারে।

ঢাকা সেনানিবাসে ডাইরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই) জন্য আনুষঙ্গিক কাজসহ অফিসার্স মেস কমপ্লেক্স ও বাসস্থান নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্তঃ জুন, ২০২০)

১.০ প্রকল্পের নাম : **ঢাকা সেনানিবাসে ডাইরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই) জন্য আনুষঙ্গিক কাজসহ অফিসার্স মেস কমপ্লেক্স ও বাসস্থান নির্মাণ (১ম সংশোধিত)** শীর্ষক প্রকল্প।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : ডিজিএফআই ও সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।

৪.০ প্রকল্পের অবস্থান : ঢাকা সেনানিবাস, ঢাকা।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫০৭০.৮৬	১৮৮২২.৩১	১৭৭৪৯.৭৯৪৯৫	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	জুলাই ২০১৬ হতে জুন ২০২০	জুলাই ২০১৬ হতে জুন ২০২০	২৪%	৩৩%

৬.০ **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
১	স্টেশনারী	রিম	২.২৮	২০৫ রিম	২.২৮	রিম
২	বিজ্ঞাপন	লট	১৫.০০	২৪	১৩.৫৩	লট
৩	কনসালটেন্সী	লট	৮০.০০	৪৬ মাস	৮০.০০	লট
৪	সম্মানী ভাতা	লট	১৬.০০	২৮	১৫.৯৫	লট
৫	টেস্টিং ফি (মাটি পরীক্ষা)	সংখ্যা	১০.১৬	৫৫	১০.১৬	সংখ্যা
	উপমোট (রাজস্ব):		**১২৩.৪৪**		**১২১.৯২**	
	(খ) ক্যাপিটাল:					
৬	ক্রীড়া সামগ্রী (জিমনেশিয়াম)	লট	৭৯.৪২	৬৫	৭৬.০৫৭	লট
৭	মেশিনারি ইক্যুইপমেন্ট	লট	১৪৩৬.৩৩	লট	১২৭১.৭০	লট
৮	কম্পিউটার এবং আনুষাঙ্গিক	লট	৩.০০	০২	৩.০০	লট
৯	আসবাবপত্র সরবরাহ	লট	১১৪৬.৫৩	৫৮৭৭	১০৮৯.০১৯	লট
১০	ফায়ার ফাইটিং সিস্টেম	লট	২০৭.৯৮	লট	১২৩.৩৩	লট

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১১	রেসিডেনসিয়াল বিল্ডিং	বঃ মিঃ	১৪৩২১.১৭	৩৫৮২৩.৫৪	১৩৫৬০.৩১৮	বঃ মিঃ
১২	নন-রেসিডেনসিয়াল বিল্ডিং এবং সাইট ডেভেলপমেন্ট	বঃ মিঃ	২৪৩.৯১	বঃ মিঃ	২৪৩.৯১	বঃ মিঃ
১৩	রোডস্ এন্ড হাইওয়ে	বঃ মিঃ	১১৯.৬৪	৪৩৫২.০০	১১৯.৬৪	৪৩৫২.০০
১৪	সারফেস ড্রেন	মিঃ	৫৬.৭০	১২৬৫.০০	৫৬.৭০	১২৬৫.০০
১৫	সেনিটেশন এবং পানি সরবরাহ	মিঃ	৫২৫.৭২	--	৫২৫.৭২	--
১৬	বৈদ্যুতিক সরমঞ্জামাদি	লট	৫০৪.৮৯	লট	৫০৪.৮৯	লট
১৭	গ্যাস সরবরাহ	লট	৫৩.৫৮	লট	৫৩.৫৮	লট
১৮	ফিজিক্যাল কন্টিজেন্সি	--	--	--	--	--
১৯	প্রাইজ কন্টিজেন্সি	--	--	--	--	--
	উপ-মোট (মূলধন):				১৭৬২৭.৮৪	
	সর্বমোট (ক+খ):		১৮৮২২.৩১		১৭৭৪৯.৭৯ (৯১.৭১%)	

আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৭১% আর ছাড়কৃত অর্থের ৯৯.৮৬%

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:**

জাতীয় নিরাপত্তা প্রদানের জন্য ১৯৭২ সালে ডিজিএফআই প্রতিষ্ঠা করা হয়। নিজস্ব ভৌত অবকাঠামোগত সুবিধা না থাকায় প্রতিষ্ঠালগ্ন থেকেই প্রতিষ্ঠাটি ঢাকা ক্যান্টনমেন্টের বিভিন্ন ভাড়া/পরিত্যক্ত বাড়িতে কার্যক্রম পরিচালনা করে আসছে। ফলে ডিজিএফআই-এর প্রয়োজনীয় অবকাঠামোর (Officers Mess Complex) অভাব রয়েছে। দেশে ডিজিএফআই এর ১৯টি কার্যালয় রয়েছে। মোট কর্মকর্তার সংখ্যা ৪২৩ জন। এর মধ্যে সদর দপ্তর, ঢাকা কার্যালয়ে ২০০ জন কর্মকর্তা রয়েছেন। এ সকল কর্মকর্তা আর্মি, নেভী, বিমানবাহিনী ইত্যাদি হতে প্রেষণে আসেন। তাঁরা নিজস্ব বাহিনীর আবাসিক সুবিধা ভোগ করেন, কিন্তু প্রতিনিয়ত তাঁদের যাতায়াতের জন্য অনেক অর্থ ব্যয় হয়। তাছাড়া এতে নিরাপত্তাজনিত ঝুঁকিও রয়েছে। এ অবস্থা থেকে পরিত্রাণের লক্ষ্যে এবং ভবিষ্যতের চাহিদা পূরণের জন্য আলোচ্য প্রকল্পটি ১৫০.০০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নের প্রেক্ষাপটে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

- ডিজিএফআই এ কর্মরত অফিসার, বিদেশী কূটনৈতিক, সামরিক এ্যাটাচি/মিলিটারী এটাচি এবং বিদেশী গোয়েন্দা সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও প্রশিক্ষকগণের আবাসন, কনফারেন্স হল ও প্রশিক্ষণ স্থানের সুবিধা প্রদান।
- ডিজিএফআই এ কর্মরত বিবাহিত অফিসারগণের আবাসিক সুবিধা প্রদান।
- ডিজিএফআই এ কর্মরত বিবাহিত অন্যান্য পদবীর সৈনিকদের আবাসিক সুবিধা প্রদান।
- ঢাকা সেনানিবাসে ডিজিএফআই এ কর্মরত অফিসারদের আবাসনের জন্য সেনাবাহিনী কর্তৃপক্ষের উপর চাপ হ্রাসসহ আবাসন সমস্যা দুরীকরণ ও অত্র সংস্থার আবাসনের আত্মনির্ভরশীল হতে সাহায্য করণ।
- সার্বিকভাবে জাতীয় ও গোয়েন্দা নিরাপত্তা কার্যক্রমে সহায়তা প্রদান।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রম:** প্রস্তাবিত প্রকল্পের আওতায় নিম্নোক্ত কার্যক্রমগুলি গ্রহণ করা হয়েছেঃ

- ১৪ তলা ভিত্তি বিশিষ্ট ১টি ১৪ তলা অফিসার্স ভবন নির্মাণ (১২৩৯৩.০০ বঃ মিঃ)
- ১৪ তলা ভিত্তি বিশিষ্ট ১টি ১৪ তলা অন্যান্য পদস্থ সৈনিকদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১১৫৩৭.৫৪ বঃমিঃ);
- ৭তলা ভিত্তি বিশিষ্ট ১টি ৭ তলা অফিসার্স মেস নির্মাণ (১১৮৯৪.০০ বঃমিঃ);
- ৩২১.৬৬ রানিং মিটার সীমানা প্রাচীর (গেটসহ) নির্মাণ;
- ১৪০০.০০ বঃ মিঃ সড়ক নির্মাণ;
- ৪৭০.০০ মিঃ ড্রেন নির্মাণ।

৮.৪ **অনুমোদন ও সংশোধন:**

মূল প্রকল্পটির উপর গত ২০-০৬-২০১৬ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হয়। অতঃপর গত ২৩-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট প্রাক্কলিত ব্যয় ১৫০.৭০ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করে প্রকল্পটি অনুমোদিত হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা:**

প্রকল্পটি আর্মড ফোর্সেস ডিভিশনের আওতায় এমইএস-এর বিদ্যমান জনবলের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের সুস্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের আওতায় প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) ও প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি) রয়েছে।

৮.৬ প্রকল্প পরিচালকের তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	লেঃ কর্ণেল সরফরাজ আহমেদ, পিএসসি	০৩-০৩-২০১৬	৩০-০৬-২০২০	পূর্ণ মেয়াদে

৮.৭ **মূল্যায়ন পদ্ধতি (**Methodology**):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি **(**Methodology**)** অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(গ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৯.১ **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন,২০ পর্যন্ত) আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৬-১৭	২৩০০.০০	২৩০০.০০	২৩০০.০০
২০১৭-১৮	৭৫০০.০০	৭৫০০.০০	৭৫০০.০০
২০১৮-১৯	৫২৭০.০০	২৬৩৫.০০	২৬৩৫.০০
২০১৯-২০	৩৭৫২.০০	১৮৭৬.০০	১৫৩৩.২৬
মোট টাকা	**১৮৮২২.০০**	**১৪৩১১.০০**	**১৩৯৬৮.২৬**

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
• ডিজিএফআই এ কর্মরত অফিসার, বিদেশী কূটনৈতিক, সামরিক এ্যাটাচি/মিলিটারী এটাচি এবং বিদেশী গোয়েন্দা সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও প্রশিক্ষকগণের আবাসন, কনফারেন্স হল ও প্রশিক্ষণ স্থানের সুবিধা প্রদান। • ডিজিএফআই এ কর্মরত বিবাহিত অফিসারগণের আবাসিক সুবিধা প্রদান। • ডিজিএফআই এ কর্মরত বিবাহিত অন্যান্য পদবীর সৈনিকদের আবাসিক সুবিধা প্রদান। • সার্বিকভাবে জাতীয় ও গোয়েন্দা নিরাপত্তা কার্যক্রমে সহায়তা প্রদান।	প্রকল্পটির আওতাধীন অফিসার্স কোয়ার্টার/বাসভবন নির্মাণ, অফিসার্স মেস নির্মাণ এবং অন্যান্য পধবীধারীদের জন্য বাসভবন নির্মাণের মাধ্যমে বর্তমানে উক্ত ভবন তিনটি ব্যবহৃত হচ্ছে। এতে- • ডিজিএফআই এর কর্মরত পদস্থা কর্মকর্তা এবং অন্যান্য কর্মকর্তাদের আবাসন সংকট দূর হয়েছে। • ডিজিএফআই এর কর্মকর্তাদের আবাসন ও চলাচল জনিত নিরাপত্তা নিশ্চিত হয়েছে।

১০.০ **মনিটরিং:**

- পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নাধীন অবস্থায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক একাধীকবার পরিদর্শন করা হয়।
- প্রকল্প বাস্তবায়নাধীন সেনা সদর দপ্তরের ইঞ্জিনিয়ার ইন চীফ কর্তৃক পরিদর্শন পূর্বক মতামত দেওয়া হয়েছে এবং সে প্রেক্ষিতে বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হয়েছে।
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ-পরিচালক জনাব বাবুলাল রবিদাস বিগত ০৫/১২/২০১৭ এবং ০৩/১২/২০১৯ তারিখে উক্ত প্রকল্পটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে যে সকল মতামত ও সুপারিশ করা হয়েছে তা যথাযথভাবে প্রতিপালিত হয়েছে বলে প্রতিয়মান হয়।

১১.০ **অডিট:**

সংশ্লিষ্ট প্রকল্পটির প্রকল্প পরিচালক অনত্র বদলি হয়ে যাওয়ায় পরিদর্শনকালে উপস্থিত কর্মকর্তা অডিট সম্পন্ন হয়েছে কি না এ বিষয়ে কোন তথ্য দিতে পারেননি।

১২.০ **<u>প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষন:</u>**

বিগত ০৫/১০/২০২১ তারিখে ১০.৩০ ঘটিকায় উক্ত প্রকল্পটি পিসিআর এর ভিত্তিতে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে অত্র সেক্টরের উপ-পরিচালক জনাব মুহাম্মদ মোস্তফা হাসান (উপসচিব) এবং ডিজিএফআই এর সংশ্লিষ্টি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১২.১ **<u>আবাসিক ভবন (অফিসার্স কোয়ার্টারস) নির্মাণ:</u>**

প্রকল্পের আওতায় ১৪ তলা ভিত্তিবিশিষ্ট ১টি ১৪ তলা বিশিষ্ট (১২৩৯৩.০০ বঃ মিঃ) আয়তনের অফিসার্স কোয়াটার নির্মাণের সংস্থান অনুযায়ী উক্ত ভবন নির্মাণ সমাপ্ত হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, সি-টাইপ ভবনটিতে ডিজিএফআই এর পদস্থ ও প্রাধিকারভূক্ত কর্মকর্তাদের জন্য মোট ৫২টি সুসজ্জিত এপার্টমেন্ট রয়েছে। বর্তমানে ২টি এপার্টমেন্ট ছাড়া অবশিষ্ট ৫০টি এপার্টমেন্টে ডিজিএফআই এর কর্মরত কর্মকর্তাগণ তাঁদের পরিবারসহ বসবাস করছেন। মূল ভবনটির চারপাশে সীমানা প্রাচীর রয়েছে। এছাড়া এ্যাপ্রোচ রোডসহ স্বতন্ত্র বৈদ্যুতিক সাবস্টেশন ও পানির পাম্প রয়েছে। মূল ফটকে একটি সিকিউরিটি চেক পোস্ট রয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান গত জুন, ২০২০ মাসে হস্তান্তর করেছে।



চিত্র: ১৪ তলা ভিত্তি বিশিষ্ট ১৪ তলা বিশিষ্ট আয়তনের অফিসার্স কোয়াটার

১২.২ **আবাসিক ভবন (অফিসার্স মেস) নির্মাণ:**

প্রকল্পের আওতায় ১৪-তলা ভিতে ৭ম তলা বিশিষ্ট ১১৮৯৪ বঃ মিঃ আয়তনের অফিসার্স কোয়ার্টার নির্মাণের সংস্থান অনুযায়ী নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ভবনটিতে ৫১টি সুসজ্জিত আবাসন কক্ষ রয়েছে। এছাড়া ভবনটিতে একটি ব্যাংকুয়েট হল, ১টি লাইব্রেরী, ২টি ডাইনিং, ১টি জিমনেসিয়াম এবং ১টি ভিআইপি লাউঞ্জ রয়েছে। বর্তমানে ভবনটি ব্যবহার করা হচ্ছে। ডিপিপি অনুযায়ী ভবনটিতে এয়ার কন্ডিশনার, স্বতন্ত্র বৈদ্যুতিক সাবস্টেশন ও পানির পাম্প স্থাপিত হয়েছে। ভবনটির চারপাশে নিরাপত্ত/বেষ্টনি বা সীমানা প্রাচীর রয়েছে।



চিত্র: অফিসার্স মেস



চিত্র: অফিসার্স মেস

১২.৩ **আবাসিক ভবন (সৈনিক ও অন্যান্য পদবীধারীদের কোয়ার্টারস) নির্মাণ:**

প্রকল্পের আওতায় ১৪-তলা ভিত্তি বিশিষ্ট ১৪-তলা বিশিষ্ট ১১৫৩৭.৫৪ বঃ মিঃ আয়তনের সৈনিক ও অন্যান্য পদবীধারীদের কোয়ার্টার নির্মাণের সংস্থান অনুযায়ী ভবন নির্মাণ সমাপ্ত হয়েছে। ভবনটিতে মোট ১০৪টি সুসজ্জিত এপার্টমেন্ট রয়েছে। পরিদর্শনকালে ৭টি এপার্টমেন্ট ছাড়া অবশিষ্ট এপার্টমেন্টসমূহে ডিজিএফআই এর অন্যান্য

পদবীধারী কর্মকর্তাগণ তাঁদের পরিবার নিয়ে বসবাস করছেন দেখা যায়। মূল ভবনটির চারপাশে সীমানা প্রাচীর রয়েছে। এছাড়া এ্যাপ্রোচ রোডসহ স্বতন্ত্র বৈদ্যুতিক সাবস্টেশন ও পানির পাম্প রয়েছে। মূল ফটকে একটি সিকিউরিটি চেক পোস্ট রয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান গত জুন, ২০২০ মাসে হস্তান্তর করেছে।



চিত্র: আবাসিক ভবন (সৈনিক ও অন্যান্য পদবীধারীদের কোয়ার্টারস)

১৩.০ **পর্যবেক্ষণ:**

১৩.১ **আবাসিক ভবন (অফিসার্স কোয়ার্টারস) নির্মাণ:**

পরিদর্শনকালে ভবনটির ২টি লিফটের সার্ভিসিংসহ কয়েকটি এপার্টমেন্টের অভ্যন্তরীণ পূর্ত কাজ ডেমেজ হয়েছে মর্মে দেখা যায়। এছাড়া বহুতল এই ভবনটির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিধানের জন্য ডিজিএফআই এর নিজস্ব জনবল কর্মরত আছে। উপরন্তু, ৫২টি সুসজ্জিত এপার্টমেন্টে বসবাসরত ডিজিএফআই এর পদস্থ ও প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের পরিবারের গাড়িসমূহের গেরেজ নাই মর্মে দেখা যায়। এছাড়াও ভবনটির চারপাশে বৈদ্যুতিক সাবস্টেশন এবং পানির পাম্প ব্যতিরেকে খোলামেলা জায়গা রয়েছে মর্মে দেখা যায়।

১৩.২ **আবাসিক ভবন (অফিসার্স মেস) নির্মাণ:**

ডিপিপিতে ভবনটি রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলের সংস্থান ছিলনা। মূল ভবনটি সম্পূর্ণ কাঁচের দেয়ালে ঘেরা বিধায় অভ্যন্তরে প্রতিটি ফ্লোরে উন্মুক্ত স্থানে এয়ার কন্ডিশনার সংযুক্ত নাই বলে যথেষ্ট গরম অনুভূত হয়। এছাড়া ভবনটির কয়েকটি কক্ষে অভ্যন্তরে পূর্ত ও প্লাম্বিং কাজে ডেমেজ দেখা যায়। এছাড়া স্থাপিত বৈদ্যুতিক সাবস্টেশনের অভ্যন্তরে নিরাপত্তামূলক ইনসুলেটেড প্রাচীর নেই মর্মে দেখা যায়।

১৩.৩ **আবাসিক ভবন (সৈনিক ও অন্যান্য পদবীধারীদের কোয়ার্টারস) নির্মাণ:**

পরিদর্শনকালে ভবনটির ২টি লিফটের সার্ভিসিংসহ কয়েকটি এপার্টমেন্টের অভ্যন্তরীণ পূর্ত কাজ ডেমেজ হয়েছে মর্মে দেখা যায়। এছাড়া বহুতল এই ভবনটির প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিধানের জন্য ডিজিএফআই এর নিজস্ব জনবল কর্মরত আছে। এছাড়াও ভবনটির চারপাশে বৈদ্যুতিক সাবস্টেশন এবং পানির পাম্প ব্যতিরেকে খোলামেলা জায়গা রয়েছে মর্মে দেখা যায়।

১৪.০ **মতামত:**

১৪.১ প্রকল্পের আওতায় ডিজিএফআই এর জন্য তিনটি ভবন যথাক্রমে (ক) আবাসিক ভবন (অফিসার্স কোয়ার্টারস), (খ)আবাসিক ভবন (সৈনিক ও অন্যান্য পদবীধারীদের কোয়ার্টারস), (গ) আবাসিক ভবন (অফিসার্স মেস) নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ভবন তিনটি বর্তমানে ব্যবহৃত হচ্ছে। সংশ্লিষ্ট ডিপিপিতে ভবন তিনটি রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সার্ভিস প্রদানের জন্য কোন জনবল সংস্থান না থাকায় ডিজিএফআই এর নিজস্ব ব্যবস্থাপনায় জনবল নিযুক্ত রাখার মতামত দেয়া যায়;

১৪.২ প্রকল্পের আওতায় নির্মিত ভবন তিনটিতে প্রয়োজনীয় যানবাহন রাখার কোন গ্যারেজ না থাকায় ব্যবহৃত যানবাহনসমূহ যত্রতত্র খোলা আকাশের নিচে না রেখে ডিজিএফআই এর নিজস্ব তহবিল থেকে প্রয়োজনীয় সংখ্যক শেড নির্মাণের জন্য মতামত দেয়া যায়;

১৪.৩ প্রকল্পের আওতাধীন ভবন তিনটি জুন, ২০২০ মাসে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক ডিজিএফআই-কে হস্তান্তর করা হয়। পরবর্তী এক বছর ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ড জুন, ২০২১ মাসে পার হয়েছে। এ পর্যায়ে ভবন তিনটির পূর্ত, বৈদ্যুতিক, প্লাম্বিং ও অন্যান্য সব কাজের মেরামত/সংস্কার করা প্রয়োজন তা তালিকাভূক্তি করে জরুরী ভিত্তিতে ডিজিএফআই এর নিজস্ব তহবিল/ব্যবস্থাপনায় সম্পন্ন করার মতামত দেয়া যায়;

১৪.৪ প্রকল্পের আওতায় নির্মিত ভবন তিনটির সীমানা প্রাচীরের অভ্যন্তরে খোলা জায়গা ফেলে না রেখে নিজস্ব তহবিল/ব্যবস্থাপনায় দ্বারা তাতে বনায়ন/বৃক্ষরোপণ এবং প্রযোজ্য ক্ষেত্রে শিশুদের জন্য প্লে-গ্রাউন্ড নির্মাণ করার মতামত দেয়া যায়;

১৪.৫ প্রকল্পের আওতায় নির্মিত ৭ তলা বিশিষ্ট অফিসার্স মেস ভবনটির পুরোটাই কাঁচের দেয়াল দ্বারা নির্মিত বিধায় অভ্যন্তরে যে সকল জায়গায় এয়ার কন্ডিশনার সংস্থান রাখা হয়নি; নিজস্ব তহবিল/ব্যবস্থাপনায় দ্বারা সে সকল স্থানে এয়ার কন্ডিশনার সংযোগ দেয়ার মতামত দেয়া যায়;

১৪.৬ প্রাকল্পটির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে কি না, সে সম্পর্কে কোন তথ্য জানা যায়নি। অডিট সম্পন্ন না হয়ে থাকলে জরুরি ভিত্তিতে প্রকল্পটির অভ্যন্তরীণ ও External অডিট সম্পন্ন করত: উক্ত অডিট প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করার মতামত দেয়া যায়।

কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০২০)

১.০ প্রকল্পের নাম : কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার শীর্ষক প্রকল্প।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : আর্মি হেডকোয়ার্টার, জিএস ব্রাঞ্চ, শিক্ষা পরিদপ্তর এবং আর্মি হেডকোয়ার্টার, ই-ইন-সি'র ব্রাঞ্চ, পরিচালক শিক্ষা পরিদপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট।

৪.০ প্রকল্পের অবস্থান : সাভার, ঢাকা।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা: বৈ: মুদ্রা:	মোট টাকা প্র: সা: বৈ: মুদ্রা:	মোট টাকা প্র: সা: বৈ: মুদ্রা:					
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮৮৫৬.০২ ৮৮৫৬.০২ -- --	১৮০২৬.০০ ১৮০২৬.০০ -- --	১৭৪৩৩.৯৯৪৭৬ ১৭৪৩৩.৯৯৪৭৬ -- --	মার্চ ২০১৫ হতে জুন ২০১৮	মার্চ ২০১৫ হতে জুন ২০২০	মার্চ ২০১৫ হতে জুন ২০২০	৯৬.৮৬%	৬০.০০%

৬.০ **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
১	স্টেশনারি	লট	লট	৩.০০	লট	৩.০০
২	বিজ্ঞাপন	লট	লট	৬.০০	লট	৬.০০
৩	কনসালটেন্সি	লট	লট	১২০.০০	লট	১২০.০০
৪	সম্মানী ভাতা	লট	লট	২০.০০	লট	২০.০০
৫	টেস্টিং ফি (মাটি পরীক্ষা)	সংখ্যা	৫০	৫.০০		৫.০০
	উপমোট (রাজস্ব):			১৫৪.০০		১৫৪.০০
৬	মেশিনারি ইক্যুইপমেন্ট	লট	লট	৭৭০.৯০	লট	৭৪২.০০
৭	আসবাবপত্র সরবরাহ	লট	লট	৭০৮.৪০	লট	৭০৭.১০
৮	ফায়ার ফাইটিং সিস্টেম	লট	লট	১২০.০০	লট	১১৩.০০

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৯	সাইট ডেভেলপমেন্ট	ঘঃ মিঃ	৩০০১৫.২৩	২৬৯.৮০	২৯৬৩৫.২০	২৬৯.৮০
১০	অফিস বিল্ডিং	বঃ মিঃ	১৭৩০১.৫০	৬১২০.০০	১৭৩০১.৫০	৬১১৭.৬৩
১১	রেসিডেনসিয়াল বিল্ডিং	বঃ মিঃ	২৫৭৩৯.৪৪	৭৫০১.০০	২৪৫২০.৪৫	৭২০৯.৮৫
১২	অন্যান্য বিল্ডিং	বঃ মিঃ	৮১৯৬.৩৯	৩৬২.৭০	৮৫২০.২১	৩৫২.১১
১৩	রোড হার্ড/স্ট্যাডিং	বঃ মিঃ	৯১৯৯.৫০	৩২৮.০০	৯৫৬০.৫৩	৩০৪.৬০
১৪	ড্রেন	মিঃ	১০৪৫.৬৯	১১৬.১৫	১০৪৫.৬৩	৯৯.২৩
১৫	বাহ্যিক পানি সরবরাহ	লট	লট	১৫১.৮০	লট	১৪৩.৭১
১৬	বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ	লট	লট	৪৫০.০০	লট	৩৭২.০০
১৭	গ্যাস সরবরাহ	লট	লট	৪৫.০০	লট	২৫.৯৪
১৮	অন্যান্য	থোক	থোক	৯১৪.৬৫	লট	৮২৩.০২৪৭৬
১৯	ফিজিক্যাল কন্টিজেন্সি	--	--	--	--	--
২০	প্রাইজ কন্টিজেন্সি	--	--	--	--	--
	উপ-মোট (মূলধন):			১৭৮৭২.০০		১৭২৭৯.৯৯৪৭৬
	সর্বমোট (ক+খ):			১৮০২৬.০০		১৭৪৩৩.৯৯৪৭৬ (৯১.৭১%)

আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৭১% আর ছাড়কৃত অর্থের ৯৯.৮৬%

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:**

কোরস্ অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এর কার্যক্রম টাঙ্গাইলের ঘাটাইল ক্যান্টনমেন্টে অস্থায়ী ব্যবস্থাপনার মাধ্যমে সম্পন্ন হচ্ছিল। ইনস্টিটিউ এর স্থায়ী অফিস ভবন, ট্রেনিং গ্রাউন্ড, আবাসন ব্যবস্থাসহ প্রয়োজনীয় সুবিধাদি বিদ্যমান নেই। আর্মি স্কুল অব এডুকেশন এ্যান্ড এডমিনিস্ট্রেশন এর অবকাঠামো ও সুবিধাদি ব্যবহার করে এর কার্যক্রম চালানো হচ্ছে। উন্নত প্রশিক্ষণ ও সিকিউরিটির প্রয়োজনে মিলিটারি পুলিশ কোরস্ এর জন্য আলাদা প্রশিক্ষণ অবকাঠামো অত্যাবশ্যক হয়ে পড়ে।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

কোরস্ অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এর কার্যক্রম পরিচালনার জন্য প্রশাসনিক ও একাডেমিক অবকাঠামোসহ অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রম**: প্রস্তাবিত প্রকল্পের আওতায় নিম্নোক্ত কার্যক্রমগুলি গ্রহণ করা হবেঃ

- ভূমি উন্নয়ন ৩০০১৫.২৩ ঘনঃ মিঃ
- অফিস ভবন ১৭,৩০১.৫০ বঃমিঃ
- রেসিডেনসিয়াল বিল্ডিং ৩১২.৬১ বঃমিঃ
- এসএম ব্যারাক ১২৬৭৭.৬৪ বঃমিঃ
- সিএমপি অফিসার্স মেস ৮৮৬১ বঃমিঃ
- জেসিও'স মেস ৩৮৮৮.১৯ বঃমিঃ
- এমটি গ্যারেজ ৩৬৩.৪৮ বঃমিঃ

- ড্রেন ১০৪৫.৬৯ মিটার
- সিএমপি কমপ্লেক্স বাউন্ডারি ওয়াল (ফ্রন্ট সাইড) ২৬৫ মিটার
- রিটেইনিং ওয়াল উইথ বারবেড ওয়্যার ফেন্সিং (নর্থ সাইড) ২৭০ মিটার
- কমান্ডার বাংলো বাউন্ডারি ওয়াল ১৪৬.৪০ মিটার।

৮.৪ **অনুমোদন ও সংশোধন:** মূল প্রকল্পটি গত ২৬-০৫-২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ৮,৮৫৬.০২ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি অর্থায়নে) প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে নতুন ভবন/স্থাপনা এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি অন্তর্ভুক্তি, বিভিন্ন অঙ্গের কাজের পরিমান ও ব্যয় বৃদ্ধির কারণে আলোচ্য প্রকল্পটি সংশোধনের নিমিত্ত ১৬-০১-২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হয়। গত ১৪-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১ম সংশোধিত আকারে মোট ১৬৩৫৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়। গত ২২-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ২য় সংশোধিত আকারে মোট ১৮০২৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৫ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়। তারপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ মার্চ, ২০১৫ হতে জুন ২০১৯ এর পরিবর্তে মার্চ, ২০১৫ হতে জুন ২০২০ পর্যন্ত করা হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা:**

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	বিএ নং-৪৯৭৮ লেঃ কর্ণেল মোঃ তারিকুল ইসলাম, পিএসসি	১৮-১২-২০১৬	০৮-১২-২০১৮	খন্ডকালীন
২	বিএ নং-৫৭১৬ লেঃ কর্ণেল মোঃ আশিক হাসান উল্লাহ, পিএসসি	০৯-১২-২০১৮	৩০-০৬-২০২০	খন্ডকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (**Methodology**):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৯.১ আর্থিক অগ্রগতিঃ (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন,২০ পর্যন্ত) আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৫-১৬	৫৪০০.০০	৫৪০০.০০	৫৪০০.০০
২০১৬-১৭	৬২০৭.০০	৬২০৭.০০	৬২০৭.০০
২০১৭-১৮	৩০০০.০০	৩০০০.০০	৩০০০.০০

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন,২০ পর্যন্ত) আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০১৮-১৯	১৭৫০.০০	১৭৫০.০০	১৭৫০.০০
২০১৯-২০	১১০০.০০	১১০০.০০	১০৭৬.৯৯৪৭৬
মোট টাকা	১৭৪৫৭.০০	১৭৪৫৭.০০	১৭৪৩৩.৯৯ (৯৯.৮৬%)

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
কোরস্ অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এর কার্যক্রম পরিচালনার জন্য প্রশাসনিক ও একাডেমিক অবকাঠামোসহ অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ।	ভূমি উন্নয়ন, অফিস ভবন, আবাসিক ভবন, অন্যান্য ভবন, আসবাবপত্র সংগ্রহ, লিফট ও অন্যান্য যন্ত্রপাতী সংগ্রহের মাধ্যমে প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।

১০.০ **মনিটরিং:** পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে প্রকল্পটি বাস্তবায়নাধীন অবস্থায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হয়। প্রকল্প বাস্তবায়নাকালে সেনা সদর দপ্তরের ইঞ্জিনিয়ার ইন চীফ কর্তৃক পরিদর্শন পূর্বক মতামত দেওয়া হয়েছে এবং সে প্রেক্ষিতে বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হয়েছে।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট:** প্রকল্পটির আওতায় এখনও অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে পিসিআর-এ কোনো উল্লেখ নেই। সরেজমিন পরিদর্শনে গিয়ে জানা যায়, এখনো কোন অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়নি।

১১.২ **External Audit**: প্রকল্পটির আওতায় External Audit সম্পন্ন হয়েছে। গত ০৪/১২/২০১৯ তারিখে সম্পন্ন হওয়া অডিট আপত্তি গুলো নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্টরা জানান। তারা আরও জানান আপত্তি নিষ্পত্তি হওয়ার পর এ বিভাগকে অবহিত করা হবে।

১২.০ <u>প্রকল্প পরিদর্শন:</u> "সাভার সেনানিবাসে মিলিটারি পুলিশ সেন্টার ও স্কুল নির্মাণ" শীর্ষক প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। মিলিটারি পুলিশ সেন্টার ও স্কুলের কার্যক্রম আন্তর্জাতিক মানসম্মত ট্রেনিং সেন্টার ও বিভিন্ন অবকাঠামো নির্মাণের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ভূমি উন্নয়ন, অফিস ভবন, আবাসিক ভবন, অন্যান্য ভবন, আসবাবপত্র সংগ্রহ, লিফট ও অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনা করা হয়। অতপর চুড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত গত ১৩-০১-২০২১ তারিখে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করা হয়। প্রকল্প পরিচালক, গ্যারিসন ইঞ্জিনিয়ার এবং কমান্ডার এমইএস সরেজমিন উপস্থিত থেকে পরিদর্শনকালে সহায়তা করেন। সরেজমিন পরিদর্শন পূর্বক বাস্তবায়িত প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে তুলে ধরা হলোঃ-


১২.১। **<u>অনাবাসিক ভবন (একাডেমিক কাম প্রশাসনিক ভবন) নির্মাণ:</u>** অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৬১.২০ কোটি টাকা ব্যয়ে ১৭৩০১.৫০ বঃমিঃ আয়তনের একাডেমিক কাম প্রশাসনিক ভবন নির্মাণের সংস্থান ছিল। পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন গিয়ে দেখা যায়, ৬১.১৭ কোটি টাকা ব্যয়ে ১৭৩০১.৫০ বঃমিঃ আয়তনের একাডেমিক কাম প্রশাসনিক ভবন নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং একাডেমিক কাম প্রশাসনিক ভবনটি সুবিধাভোগী অর্থাৎ মিলিটারি পুলিশ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। অনুমোদিত ডিজাইন অনুসরণ করে ভবন নির্মাণ করা হয়েছে কি না এ বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক, গ্যারিসন ইঞ্জিনিয়ার এবং কমান্ডার এমইএস জানান ডিপিপি'র সংস্থান অনুযায়ী অনুমোদিত ডিজাইন অনুসরন করে এবং নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের উপর সার্বক্ষণিক তদারকির মাধ্যমে ভবন নির্মাণ কাজ শেষ করা হয়েছে। একাডেমিক কাম প্রশাসনিক ভবনের নিচ তলায় বিভিন্ন ধরণের অফিস, ২টি স্টোর, ১টি অটোমেশন রুম; দ্বিতীয় তলায় কমান্ড্যান্ট অফিস,

কনফারেন্স রুম, অফিস রুম, স্টোর; তৃতীয় তলায় অফিস, অটোমেশন রুম, স্টোর, অডিটরিয়াম; চতুর্থ তলায় অফিস, ২টি ক্লাসরুম, ১টি কনফারেন্স রুম; পঞ্চম তলায় ২টি মডেল রুম, ২টি ক্লাস রুম, ১টি কনফারেন্স রুম, ১টি স্টুডেন্ট টিবার কমন রুম, ৩টি অফিস; ষষ্ঠ তলায় অফিস, লেকচার হল, ২টি ক্রাইম সিন রুম, স্টোর, মিউজিয়াম; সপ্তম তলায় ফরেনসিক ল্যাব, ২টি ক্লাস রুম, কমনরুম, লাইব্রেরী; অষ্টম তলায় ক্লাস রুম, স্টুডেন্ট ক্যাফে, ফটোল্যাব, কম্পিউটার ল্যাব স্টোর হিসেবে ব্যবহৃত হচ্ছে।

পরিদর্শনকালে দেখা যায়, একাডেমিক কাম প্রশাসনিক ভবনের সৃষ্ট সুবিধাদি ব্যবহার করে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছিল। করোনাকালীন সময়ে দীর্ঘদিন প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। অনেক বড় আয়তনের কনফারেন্স রুম, বিভিন্ন ধরণের ক্লাস রুম এবং ক্লাস রুমে সংযোজন করা প্রজেক্টর, সাউন্ড সিস্টেমসহ বিভিন্ন যন্ত্রপাতি নষ্ট হওয়ার সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে।



চিত্র:-১ মেইন গেট।



চিত্র:-২ অফিস বিল্ডিং।

১২.২। **<u>আবাসিক ভবন (সিএমপি অফিসার্স মেস) নির্মাণ;</u>** প্রকল্পের আওতায় ৬ তলা ভিতে ৬ তলা বিশিষ্ট ৮৮৬১ বঃ মিঃ আয়তনের সিএমপি অফিসার্স মেস নির্মাণের জন্য ৩৩৫২.৯২ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রকল্পটি সরেজমিন পরিদর্শনে গিয়ে দেখা যায়, ৬ তলা ভিতে ৬ তলা বিশিষ্ট সিএমপি অফিসার্স মেস নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন


হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী অনুমোদিত ডিজাইন অনুসরন করে ভবন নির্মাণ করা হয়েছে। পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন গিয়ে দেখা যায়, সিএমপি অফিসার্স মেস নির্মাণে অনুমোদিত ডিজাইন অনুসরণ করে ১ম তলায় রিসিপশন, ইনডোর গেম, বারবার সপ, স্টোররুম, টয়লেট ব্লক, গাড়ি পার্কিং, এনটি রুম, ডাইনিং হল, রান্নাঘর, টিভি রুম, লেডিস রুম, স্টোর রুম, টয়লেট ব্লক; ২য় তলা থেকে ৫ম তলা পর্যন্ত ৫৪টি অফিসার্স রুম, বেডমেন রুম, টয়লেট ব্লক; ৬ষ্ঠ তলায় ৯টি অফিসার্স রুম, ভিভিআইপি-২টি এবং ভিআইপি-২টি রুম ব্যবহৃত হচ্ছে। স্থাপনা নির্মাণ হবার পর ২০১৭-১৮ থেকে ২০১৯-২০ অর্থবছরে বিভিন্ন পদ মর্যাদার ১৮১০ জন সেনা কর্মকর্তার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



চিত্র:-৩ অফিসার্স মেস।

১২.৩। **আবাসিক ভবন (জেসিও'স মেস) নির্মাণ;** প্রকল্পের আওতায় ৬ তলা ভিতে ৬ তলা বিশিষ্ট ৩৮৮৮.১৯ বঃ মিঃ আয়তনের জেসিও'স মেস নির্মাণের জন্য ১১৩৪.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। ৬ তলা ভিতে ৬ তলা বিশিষ্ট জেসিও'স মেস নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী ভবন নির্মাণ করা হয়েছে। পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন গিয়ে দেখা যায়, সিএমপি জেসিও'স মেস নির্মাণে নীচ তলায় অভ্যর্থনা কক্ষ, চিত্তবিনোদন কক্ষ, বারবারসপ, গাড়ি পার্কিং, টয়লেট ব্লক; ২য় তলায় রান্নাঘর, ডাইনিং হল, স্টোর আবাসন, এবং টয়লেট ব্লক, ৬টি জেসিও'স রুম; ৩য় তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত আবাসন হিসেবে ব্যবহৃত হচ্ছে।

১২.৪। **আবাসিক ভবন (এসএম ব্যারাক) নির্মাণ;** প্রকল্পের আওতায় ৮ তলা ভিতে ৮ তলা বিশিষ্ট ১২৬৭৭.৬৪ বঃ মিঃ আয়তনের এসএম ব্যারাক নির্মাণের জন্য ২৮৭৭.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। ৮ তলা ভিতে ৮ তলা বিশিষ্ট এসএম ব্যারাক নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন গিয়ে দেখা যায়, এসএম ব্যারাক নির্মাণে নীচ তলায় MIS রুম, স্টোর, বারবার সপ, ধুপি সপ, স্টাফ আবাসন, টয়লেট ব্লক; ২য় তলায় রান্নাঘর, ডাইনং হল, স্টোর টয়লেট ব্লক; ৩য় তলায় চিত্তবিনোদন কক্ষ, আবাসন রুম, টয়লেট ব্লক; ৪র্থ তলা থেকে ৮ম তলা পর্যন্ত আবাসন রুম, টয়লেট ব্লক হিসেবে ব্যবহৃত হচ্ছে।



চিত্র:৪ এসএম ব্যারাক।

১২.৫। **ভূমি উন্নয়ন:** সংশোধিত ডিপিপিতে ৩০ হাজার ঘ: মি: ভূমি উন্নয়নের লক্ষ্যে ২৬৯.৮০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প মেয়াদে ২৯.৬৩৫ হাজার ঘ: মি: ভূমি উন্নয়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ করে ২৬৯.৮০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, আবাসিক ভবন (সিএমপি অফিসার্স মেস), (জেসিও'স মেস), অফিস কাম-একাডেমিক ভবন নির্মাণের স্থান অসমতল ছিল না যা বর্ণিত পরিমাণের ভূমি উন্নয়নের মাধ্যমে সম্পন্ন হয়েছে। তাছাড়া অফিসার্স মেস এর নিকটবর্তী দূরত্ব অনেক নীচু স্থান ছিল যা লেন্ড ফিলিং এর মাধ্যমে উন্নয়ন করা হয়।

১২.৬। **আসবাবপত্র সরবরাহ:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে আসবাবপত্র সরবরাহ খাতে ৭০৮.৪০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে আবাসিক ভবন ও একাডেমিক ভবনের জন্য বিভিন্ন ধরনের আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত ৭০৭.১০ লক্ষ টাকায় প্রয়োজনীয় সকল আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। আসবাবপত্রের তালিকা (সংযোজনী-১)

১৩.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ : সরেজমিন পরিদর্শন এবং পিসিআর এর তথ্য পর্যালোচনায় দেখা যায়,** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৪.০ **পর্যবেক্ষণ:**

১৪.১ একাডেমিক কাম প্রশাসনিক ভবনের সৃষ্ট সুবিধাদি ব্যবহার করে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছিল। করোনাকালীন সময়ে দীর্ঘদিন প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। অনেক বড় আয়তনের কনফারেন্স রুম, বিভিন্ন ধরণের ক্লাস রুম এবং ক্লাস রুমে সংযোজন করা প্রজেক্টর, সাউন্ড সিস্টেমসহ বিভিন্ন যন্ত্রপাতি নষ্ট হওয়ার সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে।

১৪.২ "কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার" শীর্ষক cÖKপ্রটির বাস্তবায়ন কাজ জুন, ২০২০-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন।

১৪.৩ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘ সূত্রীতা পরিলক্ষিত হয়েছে। প্রকল্পটি ৮৮.৫৬ কোটি টাকা ব্যয়ে মার্চ, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছিল। প্রকৃত বাস্তবায়নকাল মার্চ, ২০১৫ হতে জুন, ২০২০। বাস্তবায়নকারী সংস্থার উদ্যোগে প্রকল্পটি পর পর দুইবার সংশোধন ও একবার মেয়াদ বৃদ্ধি করা হয়। ফলে প্রকল্পটির মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (cost overrun) ১০৩.৫৫% এবং ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (time overrun) ৬১.৫৩%হয়েছে।

১৪.৪ কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুলে সামরিক বাহিনীর দেশ-বিদেশের কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হয়। প্রতিষ্ঠানটির অপারেশনাল ও মেইনটেনেন্স ব্যয় নির্বাহের জন্য বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা থাকা প্রয়োজন।

১৪.৫ প্রকল্পের আওতায় ১৩টি লিফ্ট, বিভিন্ন ক্ষমতা সম্পন্ন এসি এবং প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। তবে কোন প্রকল্পের আওতায় এসব যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে তার কোনও নিদর্শন রাখা হয়নি।

১৫.০ <u>সুপারিশঃ</u>

১৫.১ বড় আয়তনের কনফারেন্স রুম, বিভিন্ন ধরণের ক্লাস রুম এবং ক্লাস রুমে সংযোজন করা প্রজেক্টর, সাউন্ড সিস্টেমসহ বিভিন্ন যন্ত্রপাতি কার্যকর রাখার প্রয়োজনে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৫.২ "কন্সট্রাকশন অব কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল এ্যাট সাভার" kxl©K সমাপ্ত cÖKপ্রটির Sustainablity'র জন্য বাস্তবায়নকারী সংস্থাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৫.৩ ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সময়াবদ্ধ (Time-bound) করতে বাস্তবায়নকারী সংস্থাকে দীর্ঘ সূত্রিতা পরিহার করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;

১৫.৪ টেকসইভাবে কোর অব মিলিটারি পুলিশ সেন্টার এন্ড স্কুল পরিচালনা ও এর নিয়মিত রক্ষণাবেক্ষণার্থে বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা রাখা যেতে পারে;

১৫.৫ প্রকল্পের আওতায় যে সকল যন্ত্রপাতি ও আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে তাদের চিহ্নিত করার জন্য লেভেলিং করা যেতে পারে। অন্যথায় পরবর্তীতে আলাদা কোন উৎস থেকে মালামাল ও যন্ত্রপাতি সংগ্রহ করা হলে প্রকল্পের আওতায় সংগ্রহকৃত যন্ত্রপাতি'র সাথে তা আলাদা করা যাবে না;

১৫.৬ প্রকল্পের আওতায় এখনো অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়নি। দ্রুত অডিট সম্পন্ন করে এ সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির বিষয়ে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

১৫.৭ ইতোপূর্বে সম্পাদিত External Audit আপত্তি ও নিষ্পত্তির বিষয়ে এ বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১।	**(ক) প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তা**	:	মো: মইনউদ্দিন খন্দকার, উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি
	(খ) পরিদর্শনের তারিখ ও স্থান	:	১৭ আগস্ট ২০২২,; রামু ক্যান্টনমেন্ট, রামু, কক্সবাজার
	(গ) প্রকল্প এলাকা এবং পরদর্শণকৃত স্থান	:	রামু, কক্সবাজার, চট্রগ্রাম বিভাগ
	(ঘ) প্রকল্প সমাপ্তির তারিখ	:	৩১ ডিসেম্বর ২০১৯
	(ঙ) পিসিআর জমার তারিখ	:	২০ আগস্ট ২০২০
২।	**(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ**	:	প্রতিরক্ষা মন্ত্রণালয়
	(খ) বাস্তবায়নকারী সংস্থা	:	সেনাসদর, ইইনসির শাখা, পূর্তপরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
৩।	**প্রকল্পের অর্থায়ন:**	:	সরকারি অনুদান-এডিপি (বার্ষিক উন্নয়ন কর্মসূচি)
৪।	**প্রকল্পের বাস্তবায়ন সময় ও প্রাক্কলিত ব্যয়**	:	জুলাই ২০১৬-জুন ২০১৯ (৩ বছর ০৬ মাস); প্রাক্কলিত ব্যয়- ২৭ কোটি ২২ লক্ষ;
৫।	**প্রকল্প সংক্রান্ত সংক্ষিপ্ত তথ্য**	:	

(ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:

কক্সবাজার জেলার জনসংখ্যা প্রায় ২৩ লক্ষ, যার মধ্যে সাক্ষরতার হার প্রায় ৩৯.৩০% (বিবিএস, ২০১১)। নব প্রতিষ্ঠিত রামু সেনানিবাস প্রত্যন্ত পাহাড়ি অনঞ্চলে অবস্থিত। সেনানিবাস এলাকার কাছাকাছি তেমন উল্লেখযোগ্য কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। এ সেনানিবাসটি কক্সবাজার শহর থেকে প্রায় ১৫ কিলোমিটার দূরে অবস্থিত।

মানসম্মত শিক্ষা প্রদানে সেনাবাহিনী কর্তৃক বিভিন্ন সেনা স্থাপনাসমূহে প্রতিষ্ঠিত ও পরিচালিত বিদ্যালয়সমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রস্তাবিত স্কুলটিতে সেনানিবাসসহ সেনানিবাসের আশে-পাশের এলাকা যেমন: রামু, উখিয়া এবং কক্সবাজার সদর এলাকার শিক্ষার্থীরা অপেক্ষাকৃত উন্নত পরিবেশে মান সম্পন্ন ও যুগোপযোগী শিক্ষার সুযোগ পাবে। নতুন স্কুলটিতে প্রায় ১৮০০ জন শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি হবে। প্রস্তাবিত স্কুলে শতকরা ৮০ ভাগ স্থানীয় এলাকার বাসিন্দাদের এবং ২০ ভাগ সামরিক সদস্যদের সন্তানেরা অধ্যয়নের সুযোগ পাবে। এ প্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

(খ) প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য: রামু সেনানিবাস এবং পাশ্ববর্তী এলাকার ছেলে-মেয়েদের জন্য উন্নত পরিবেশে যুগোপযোগী শিক্ষার সুযোগ সৃষ্টি করা।

(ঘ) প্রকল্প এলাকা: রামু উপজেলা, কক্সবাজার জেলা, চট্টগ্রাম বিভাগ

(গ) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ভূমি উন্নয়ন (৮৯,২৬৬.০০ ঘন মিটার);
- ৪ তলা ভিতসহ ৪ তলা একাডেমিক ভবন (৮০০৪.০০ বর্গ মিটার);
- পরামর্শক ব্যয় নির্বাহ;
- পুস্তক ও সাময়িকী ক্রয় (১৬০৬ টি);
- ৪৩৯৫ টি আসবাবপত্র ক্রয় ইত্যাদি:
- ৪৬ টি কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়;
- গবেষণাগার যন্ত্রপাতি;
- রাস্তা/হার্ডস্ট্যান্ডিং নির্মাণ (৮৩৩.৩৩ বর্গ মিটার);

- ড্রেন নির্মাণ (২৮০ মিটার);
- বাহ্যিক পানি, বিদ্যুৎ সরবরাহ এবং ফায়ার ফাইটিং যন্ত্র স্থাপন;
- স্যুয়েজ ডিসপোজাল ও সেপটিক ট্যাঙ্ক নির্মাণ;
- গাইড ওয়াল/রিটেইনিং ওয়াল (৪০০ মিটার ও ১০০ মিটার)।

(ঘ) প্রকল্পের ব্যয় ও মেয়াদ সংশোধন সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৪৮৭.০০	২৪৮৭.০০	-	-	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	০৭ নভেম্বর ২০১৬	-	-
১ম সংশোধিত	২৭২২.৯০	২৭২২.৯০	-	-	জুলাই ২০১৬ হতে জুন ২০১৯	৩০ জুন ২০১৯	(+) ৯.৪৯%	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২৭২২.৯০	২৭২২.৯০	-	-	জুলাই ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯	১২ সেপ্টেম্বর ২০১৯	-	(+) ১৬.৬৬%

(ঙ) প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালক-এর নাম		**মূল দপ্তর ও পদবি**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)**	**একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা**	
					হ্যাঁ/না	**প্রকল্প সংখ্যা**
০১	বিএ-৫৭৪৯ লেঃ কর্ণেল মোহাম্মদ নাজমুল হাসান, পিএসসি	২৪ বীর, রামু সেনানিবাস	৯ ফেব্রুয়ারি ২০১৭	অতিরিক্ত	না	-
০২	বিএ-৬৩৩০ লেঃ কর্ণেল আবু ফাত্তাহ মোহাম্মদ ফখরুজ্জমান, পিএসসি	১৪ বীর, রামু সেনানিবাস	১ মার্চ ২০১৮	অতিরিক্ত	না	-

প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি

৬। **অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা	মোট		জিওবি	সংস্থা	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক) রাজস্ব ব্যয়:										
১.	৪৮২৮(৩২৫৫১০৪) ষ্টেশনারী	লট	২.০০	২.০০	-	২.০০	২.০০	২.০০	-	২.০০
২.	৪৮৩৩(৩২১১১২৫) বিজ্ঞাপন	লট	৩.০০	৩.০০	-	৩.০০	২.১২	২.১২	-	২.১২
৩.	৪৮৭৪(৩২৫৭১০১) কনসালটেন্সী	জন মাস	১০.০০	১০.০০	-	১০.০০	১০.০০	১০.০০	-	১০.০০
৪.	৪৮৮৩(৩১১১৩৩২) সম্মানী ভাতা	মাস	৫.০০	৫.০০	-	৫.০০	৫.০০	৫.০০	-	৫.০০
৫.	৪৮৮৫(৩২২১১০৫) টেষ্টিং ফি (সয়েল ও লোড টেষ্ট)	বোর	২.৫০	২.৫০	-	২.৫০	২.৫০	২.৫০	-	২.৫০
৬.	৬৬১৩(৩২১১১২৭) বইপত্র ও সাময়িকি	লট	২.৫০	২.৫০	-	২.৫০	২.৫০	২.৫০	-	২.৫০
৭.	৬৬১৫(৩২৫৮১০৫) ল্যাবরেটরি যন্ত্রপাতি ও সরঞ্জাম	লট	১৪.০০	১৪.০০		১৪.০০	১৪.০০	১৪.০০		১৪.০০
উপ-মোট (রাজস্ব ব্যয়):			**৩৯.০০**	**৩৯.০০**	**-**	**৩৯.০০**	**৩৮.১২**	**৩৮.১২**	**-**	**৩৮.১২**
(খ) মুলধন খাত:										
৮.	৬৮১৫(৪১১২২০২) কম্পিউটার এবং আনুষঙ্গিক	লট	২.৫০	২.৫০	-	২.৫০	২.৫০	২.৫০	-	২.৫০
৯.	৬৮২১(৪১১২৩১৪) আসবাবপত্র সরবরাহ	লট	১৪১.৭৫	১৪১.৭৫	-	১৪১.৭৫	১৩৯.৬১	১৩৯.৬১	-	১৩৯.৬১
১০.	৬৮৫৩(৪১১২৩০৫) ফায়ার ফাইটিং সিষ্টেম	লট	১.৫০	১.৫০	-	১.৫০	১.৫০	১.৫০	-	১.৫০
১১.	৭০০১(৪১১১২০১) ভূমি উন্নয়ন	ঘ:মি:	৩১৬.০০	৩১৬.০০	-	৩১৬.০০	২৮০.৫৭	২৮০.৫৭	-	২৮০.৫৭
১২.	৭০১৬(৪১১১২০১) অনাবাসিক ভবন (৪ তলার ভতিসহ ৪ তলা-একাডেমিক ভবন) নির্মাণ	বঃ মিঃ	২০১০.৬৪	২০১০.৬৪	-	২০১০.৬৪	২০১০.৬৪	২০১০.৬৪	-	২০১০.৬৪
১৩.	৭০২১(৪১১১৩০২) রোড/হার্ডষ্ট্যান্ডিং	বঃ মিঃ	২০.০০	২০.০০	-	২০.০০	২০.০০	২০.০০	-	২০.০০

১৪.	৭০৪১(৪১১১৩০৭) ড্রেন	মিঃ	১০.০০	১০.০০	-	১০.০০	১০.০০	১০.০০	-	১০.০০
১৫.	৭০৪৬(৪১১১৩০৯) বাহ্যিক পানি সরবরাহ	লট	৬৬.৭৫	৬৬.৭৫	-	৬৬.৭৫	৬৫.৩৩	৬৫.৩৩	-	৬৫.৩৩
১৬.	৭০৫৬(৪১১২৩০৩) বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ	লট	৭০.২৫	৭০.২৫	-	৭০.২৫	৬৯.২৭	৬৯.২৭	-	৬৯.২৭
১৭.	৭০৮১(৪১১১৩০৯) স্যুয়েজ ডিসপোজাল ও সেপ্টিক ট্যাঙ্ক	লট	১২.১৯	১২.১৯	-	১২.১৯	১২.১৯	১২.১৯	-	১২.১৯
১৮.	৭০৮১(৪১১১২০১) গাইড ওয়াল/রিটেইনিং ওয়াল	মিঃ	৩২.৩২	৩২.৩২	-	৩২.৩২	৩২.২৭	৩২.২৭	-	৩২.২৭
উপ-মোট (মুলধন ব্যয়):			**২৬৮৩.৯০**	**২৬৮৩.৯০**	**-**	**২৬৮৩.৯০**	**২৬৪৩.৮৮**	**২৬৪৩.৮৮**	**-**	**২৬৪৩.৮৮**
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি			০.০০	০.০০	-	-	০.০০	০.০০	-	-
(ঘ) প্রাইস কনটিনজেন্সি			০.০০	০.০০	-	-	০.০০	০.০০	-	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):			**২৭২২.৯০**	**২৭২২.৯০**	**-**	**২৭২২.৯০**	**২৬৮২.০০**	**২৬৮২.০০**	**-**	**২৬৮২.০০**

অব্যয়িত অর্থ: সংশোধিত মোট বরাদ্দ ছিলো ২৭২২.৯০ লক্ষ টাকা। এর মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৭১০.০০ লক্ষ টাকা এবং প্রকৃত খরচ হয়েছে ২৬৮২.০০ লক্ষ টাকা। অব্যয়িত ২৮.০০ লক্ষ টাকা সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

তথ্যসূত্র: পিসিআর

৭। বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান (জিওবি অর্থ)			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয়		
	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ		মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৬-২০১৭	৮৭৪.৩৪	৮৭৪.৩৪	-	১১০০.০০	১১০০.০০	-	১১০০.০০	১১০০.০০	১১০০.০০	-
২০১৭-২০১৮	৮৭৫.০০	৮৭৫.০০	-	৮০০.০০	৮০০.০০	-	৮০০.০০	৮০০.০০	৮০০.০০	-
২০১৮-২০১৯	৭৩৭.৬৬	৭৩৭.৬৬	-	৫৬৩.০০	৫৬৩.০০	-	৫৬৩.০০	৫৬৩.০০	৫৬৩.০০	-
২০১৯-২০২০	-	-	-	২১৯.০০	২১৯.০০	-	২৪৭.০০	২১৯.০০	২১৯.০০	-
মোট:	**২৪২৭.০০**	**২৪২৭.০০**	**-**	**২৬৮২.০০**	**২৬৮২.০০**	**-**	**২৭১০.০০**	**২৬৮২.০০**	**২৬৮২.০০**	**-**

তথ্যসূত্র: পিসিআর

৮। প্রকল্পর সংশোধন/ব্যয়/মেয়াদ বৃদ্ধির প্রেক্ষাপট: আলোচ্য প্রকল্পটি মোট ২৪৮৭.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন মোট ২৭২২.৯০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল ০৬ (ছয়) মাস বৃদ্ধি করে জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯ করা হয় যার মাধ্যমে ব্যয় বৃদ্ধি পায় ১৬.৬৬%। প্রকল্পটির ১ম সংশোধনী ৩০ জুন ২০১৯ অনুমোদিত হয়।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০. স্টিয়ারিং/পিআইসি/পিএমসি/এডিপি রিভিউ সভা সংক্রান্ত:

সভার নাম	প্রকল্প বাস্তবায়নকাল পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	১১ টি	১১ টি	০৭ টি
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	১১ টি	১১ টি	০৩ টি
প্রকল্প পরিবীক্ষণ কমিটির সভা (PMC)	১১ টি	১১ টি	০৫ টি
এডিপি রিভিউ সভা (ADP)	৪২ টি	৪২ টি	৪২টি

১১। মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(গ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

১২। পরিদর্শনের আলোকে বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:

১২.১ ভূমি উন্নয়ন সম্পর্কিত: অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী ৭৪.১০ লক্ষ টাকা ব্যয়ে ২০৯৩২.২০ ঘ: মি: ভূমি উন্নয়নের সংস্থান ছিলো। পরবর্তীতে প্রকল্প সংশোধন করে ৯২,২৬৬ ঘণমিটার ভূমি উন্নয়নের ব্যবস্থা রাখা হয় যার ব্যয় ধরা হয় ৩১৬.০০ লক্ষ টাকা। পিসিআর পর্যবেক্ষণ ও প্রকল্প পরিদর্শন করে দেখা যায় যে, ১ম সংশোধনীতে উল্লেখিত ৯২,২৬৬ ঘণমিটার অর্থাৎ সম্পূর্ণ ভূমি উন্নয়নের কাজ সমাপ্ত করা হয় যাতে খরচ হয় ২৮০.৫৭ লক্ষ টাকা। অর্থাৎ বরাদ্দের চেয়ে ৩৫.৪৩ লক্ষ টাকা কম ব্যয় হয়। খরচ কম হওয়ার পেছনে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, মাটির মূল্যহার কমে যাওয়ায় মোট খরচ কম হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পটি পাহাড়ী এলাকায় অবস্থিত ও এর পার্শ্ববতী অন্যান্য পাহাড়ের মাঝে বিদ্যমান গভীর খাদের অতি সন্নিকটে হওয়ায় এবং এখানকার মাটি খুবই ভংঙ্গুর প্রকৃতির হওয়ায় অতিবৃষ্টির ফলে ভূমি ধ্বস/পাহাড় ধ্বসের সম্ভাবনা ভাবনটিকে ধ্বসে পড়ার হুমকি হতে রক্ষার জন্য কারিগরি প্রয়োজনে জিওটেক্স ফ্রেবিক্স, মধ্যবর্তী Brickwall, Top & Bottom এ Retaining Wall/Guide Wall নির্মানসহ RCC Gallery-এর মত করে Slope প্রটেকশন সংযোজনপূর্বক ভূমি উন্নয়ন সম্পন্ন করা হলেও ভবনের পিছনে পাহাড়ের খাড়া ঢাল থাকায় তা পর্যাপ্ত নয় মর্মে প্রতীয়মান হয়। ভবনটিকে সুরক্ষা দিতে কলেজ কর্তৃপক্ষ নিজস্ব ব্যবস্থাপনায় ঢালটিতে বৃক্ষরোপণসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করছে এবং সার্বক্ষণিক নজরদারিতে রাখছে। ভূমি উন্নয়নের পুর্ব পরিকল্পনা যথাযথ ছিলো না মর্মে প্রতীয়মান হয়। মাটি ভরাটের পরিমাণ নির্ণয়ের জন্য প্রি-এস্টিমেট যথাযথভাবে করা হয়নি বিধায় মাটির ভরাটের পরবর্তী হিসাব সঠিকভাবে পরিমাপ করা সম্ভবপর হয়নি।

১২.২ ভৌত স্থাপনাসমূহ নির্মাণ: প্রকল্পের নির্মিত একাডেমিক ভবন (৪ তলা ভিতসহ ৪ তলা ভবন) সরেজমিনে পরিদর্শন করা হয়। ৮০০৪ বর্গমিটার ভবনটি আরডিপিপিতে নির্ধারিত ব্যয় অর্থাৎ ২০১০.৬৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে। বিদ্যালয় ভবনে বিভিন্ন রুমের পরিমাপ সঠিক পাওয়া যায়। শ্রেণিকক্ষ, ল্যাবরেটরি, ওয়াশরুম, হলরুম, কম্পিউটার ল্যাবসহ সকল রুম ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে বিভিন্ন স্থানে বহিঃস্থ ওয়ালের টাইলস খসে

পড়েছে মর্মে পরিলক্ষিত হয়। তাছাড়া কিছু কিছু স্থানে ওয়ালে ছোট ছোট ক্র্যাক পরিলক্ষিত হয়। পর্যাপ্ত কিউরিংয়ের অভাবে এটা হয়ে থাকতে পারে। নির্মাণ কাজে ব্যভৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট ইত্যাদি) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী জানান। বিগত 16/05/2019 তারিখের ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক বিগত ২৫/০৫/২০১৯ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়, কমিশন, আইএমইডি, সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থা সমন্বয়ে গঠিত কমিটি প্রকল্প স্থান পরিদর্শন করেন। পরিদর্শনকালে স্কুলের মিলনায়তনের ছাদ এবং ভবনের ৪র্থ তলার ছাদে বেশ কয়েকটি লম্বা ফাটল পরিলক্ষিত হয়। সম্প্রতি নির্মিত নতুন ভবনের ছাদে এরূপ ফাটল থাকা কোন ক্রমেই কাম্য নয় এবং সময়মত এ ফাটলের মেরামত আবশ্যক বলে কমিটি মতামত ব্যক্ত করেন। ফাটলগুলির মেরামত করা হলেও তা আশানুরুপ হয়নি মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষ সার্বক্ষণিক নজর রাখা আবশ্যক। প্রকল্পের অন্যান্য নির্মাণ কাজ যেমন রোড/হার্ডষ্ট্যান্ডিং, ড্রেন নির্মাণ, বাহ্যিক পানি ও বিদ্যুৎ সরবরাহ, স্যুয়েজ ডিসপোজাল ও সেপ্টিক ট্যাঙ্ক ইত্যাদি কাজের মান সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়। গাইড ওয়াল/রিটেইনিং ওয়ালের কাজটি যথাযথ হয়েছে মর্মে দৃষ্টিগোচর হলেও পাহাড়ের ঢাল অতিমাত্রায় খাড়া থাকায় কিছুটা ঝুঁকি রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১২.৩ ল্যাবরেটরি যন্ত্রপাতী, বই, আসবাবপত্র, ফায়ার ইক্যুইপমেন্ট: পরিদর্শনকালে দেখা যায়, বিভিন্ন ল্যাবরেটরি যন্ত্রপাতীর প্রকার ও পরিমাণ ডিপিপির বর্ণনা মোতাবেক সঠিক রয়েছে। তবে বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ও মিলনায়তনে যে আসবাবপত্রগুলি সরবরাহ করা হয়েছে তা গুনগত মানসম্মত হয়নি মর্মে প্রতীয়মান হওয়ায় সরবরাহকারী প্রতিষ্ঠানের কাজ থেকে তার ওয়ারেন্টি সময়ের মধ্যে প্রয়োজনীয় মেরামত করা আবশ্যক বলে পূর্বে পরিদর্শনকারী কমিটি মতামত দিয়েছিলো। সে অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষ ব্যব্যস্থা নিতে পেরেছেন মর্মে প্রতীয়মান হয়নি। তবে কলেজ কর্তৃপক্ষ তাদের নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় অনেকগুলি আসবাবপত্র মেরামত, রঙ ও সংস্কার করেছে মর্মে দেখা যায়।

১৩। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় (পণ্য, কার্য ও সেবা) সংক্রান্ত তথ্য: পরিদর্শনকালে উপস্থাপিত ডকুমেন্টস পর্যালোচনায় প্রকল্পের ক্রয় কার্যক্রমের সঠিক চিত্র পাওয়া যায়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান প্রকল্পটি সমাপ্ত হওয়ার দীর্ঘ সময় অতিবাহিত হওয়ায় প্রকল্পকালীন কোন কর্মকর্তা বর্তমানে এখানে নেই। তাছাড়া ইইনসি/গ্যারিসন ইঞ্জিনিয়ার অফিসে কিছু ডকুমেন্ট পাওয়া যেতে পারে। ফলে প্রকল্পের ক্রয় সংক্রান্ত সার্বিক কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা পাওয়া যায়নি। ডিপিপি'তে অনুমোদিত মোট প্যাকেজ সংখ্যা: ০৩ (তিন) টি পণ্য, ১০ (দশ)) টি কার্য এবং ০১ (এক) টি সেবা। পিসিআরে বর্ণিত তথ্য অনুযায়ী প্রকল্পের প্রধান প্রধান ক্রয়সমূহ নিম্নরুপ-

ক্রয়ের বর্ণনা (পন্য/কার্য/সেবা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা) ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
একাডেমিক ভবন (৪ তলা ভিতসহ ৪ তলা ভবন) নির্মাণ	২০১০.৬৪	৯ ফেব্রুয়ারি ২০১৭	৪ এপ্রিল ২০১৯
পরামর্শক নিয়োগ	১০.০০	৫ জানুয়ারি ২০১৭	৪ জুলাই ২০১৭
আসবাবপত্র সরবরাহ	১৪১.৭৫	৩১ ডিসেম্বর ২০১৭	৩০ ডিসেম্বর ২০১৮
বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ লাইন স্থাপন (ট্রান্সফরমার, এইচটি ও একটি লাইন এবং পিএফআই ইত্যাদি)	৬৯.৪৪	১৭ জানুয়ারি ২০১৮	১৬ এপ্রিল ২০১৮
বাহ্যিক পানি সরবরাহ আইন	৬৬.৫২	১৭ জানুয়ারি ২০১৮	১৬ এপ্রিল ২০১৮

সূত্র: পিসিআর

১৪। বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা: নতুন স্থাপিত রামু সেনানিবাস এর পাশে রামু ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ভবনটি নির্মাণের জন্য নির্ধারিত স্থানটি সমতল ভূমি থেকে প্রায় ৪০/৫০ ফুট উঁচু পাহাড় বেষ্টিত স্থান। পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পটি পাহাড়ী এলাকায় অবস্থিত ও এর পার্শ্ববতী অন্যান্য পাহাড়ের মাঝে বিদ্যমান গভীর খাদের অতি সন্নিকটে হওয়ায় এবং এখানকার মাটি খুবই ভংঙ্গুর প্রকৃতির হওয়ায় ভবন নির্মানকালীন সময় অতিবৃষ্টির ফলে ভূমি ধ্বস/পাহাড় ধ্বসের সম্ভাবনা দেখা দেয়ায় পাহাড় কেটে

ভূমি সমতল করে তার উপর উক্ত ভবন নির্মাণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হয়েছে। সংশ্লিষ্টদের তথ্য হতে জানা যায় যে, ইমারতটিকে ধ্বসে পড়ার হুমকি হতে রক্ষার জন্য তখন দ্রুত জিওটেক্স ফ্রেবিক্স, মধ্যবর্তী Brickwall, Top & Bottom এ Retaining Wall/Guide Wall নির্মানসহ RCC Gallery-এর মত করে Slope প্রটেকশন সংযোজনপূর্বক ভূমি উন্নয়ন সম্পন্ন করতে হয়েছে। ফলে ১৬৪.০৫ লক্ষ টাকা ব্যয়ে অতিরিক্ত ৩৬৮৬৬ ঘ: মি: মাটি কাটার কাজ, ভূমি ধ্বস রোধে ৯৬.৯৭ লক্ষ টাকা ব্যয়ে ১৩৭৩৪ ঘ: মি: মাটি ভরাট২৭.৫৭ লক্ষ টাকা ব্যয়ে ১৩৫৮৩ ব: মি: জিওটেক্স ফেব্রিক্স এবং ২৭.৪১ লক্ষ টাকা ব্যয়ে ৭৯৯৩ ব: মি: টারপিং করতে হয়েছে।

১৫। প্রকল্পের দাপ্তরিক মনিটরিং সংক্রান্ত পর্যালোচনা: পরিদর্শনকালে দেখা যায় সংশ্লিষ্ট মন্ত্রনালয় ও সংস্থা, পরিকল্পনা কমিশনের কর্মকর্তাবৃন্দ এবং আইএমইডির কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রকল্পটি পরিদর্শন করেন। এর মধ্যে ২৫.০৪.২০১৮ তারিখে আইএমইডির উপপরিচালক জনাব বাবুলাল রবিদাস, ২৫.০৫.২০১৯ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালনয়ের যুগ্মসচিব (পূর্ত উন্নয়ন) ব্রিগেডিয়ার জেনারেল এবিএম সালাহ্ উদ্দিন, এনডিসি, এএফডব্লিউসি; পরিকল্পনা কমিশন আর্থসামাজিক অবকাঠামো বিভাগের উপপ্রধান জনাব প্রভাষ চন্দ্র রায়; কার্যক্রম বিভাগ (অনুপস্থিত; আইএমইডির উপপরিচালক জনাব বাবুলাল রবিদাস এবং পূর্ত পরিদপ্তর, সেনাসদর, ইইনসি'র শাখার লে. কর্নেল শেখ মাহমুদুল হাসান -এর সমন্বয়ে গঠিত কমিটি প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলি বাস্তবায়িত হয়েছে মর্মে দেখা যায়।

১৬। অডিট আপত্তি সংক্রান্ত: প্রকল্প অফিস থেকে সরবরাহকৃত তথ্য মতে দেখা যায় প্রকল্পে মোট ৩টি অডিট আপত্তি উত্থাপিত হয় যাতে জড়িত টাকার পরিমাণ যথাক্রমে ১৬,৯৮৮ টাকা, ৬,২১১ টাকা এবং ১২,০৭,১৪৯ টাকা। এর মধ্যে প্রথম ০২ টি আপত্তিতে জড়িত অর্থ টি-আর এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে এবং শেষের ০১ টি আপত্তির বিষয়ে জবাব প্রেরণ করা হয়েছে। কিন্তু আপত্তিগুলির বিষয়ে প্রমাণক হিসেবে অডিট রিপোর্টের কপি উপস্থাপন করতে পারেন নি এবং আপত্তির প্রেক্ষিতে প্রেরিত জবাবের বিষয়ে কোন ফলো আপ পাওয়া যায় নি। ফলে অডিত আপত্তি বিষয়ক তথ্যের ঘাটতি থাকায় এ বিষয়ে চুড়ান্ত মতামত প্রদান করা প্রদান করা যাচ্ছে না। বিস্তারিত অডীট আপত্তির তথ্য নিম্নরুপ **(সুত্র: পিসিআর)**-

ক্র: নং	**আপত্তির বিবরণ**	**জড়িত অর্থের পরিমাণ**	**নিষ্পত্তি সংক্রান্ত**
১।	গাণিতিকভাবে প্রাপ্যের অতিরিক্ত 12 mm Thick Cement Plaster (1:6) এর কাজ এমবিতে রেকর্ড করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	১৬,৯৮৮/-	টি-আর এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।
২।	গাণিতিকভাবে প্রাপ্যের অতিরিক্ত 20 mm Dia Bar এমবিতে রেকর্ড করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	৬,২১১/-	টি-আর এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।
৩।	আরসিসি কাষ্ট ইন সিটু পাইলিং নির্মাণ কাজের মূল্য ঘঃমিঃ হিসাবে পরিশোধ করা হলেও আরসিসি পাইলিং কাজ ভাংগার মূল্য সংখ্যা হিসাবে অত্যাধিক উচ্চদরে ঠিকাদারকে মূল্য পরিশোধ সরকারের আর্থিক ক্ষতি।	১২,০৭,১৪৯/-	আপত্তিটি সঠিক নয় কারণ নকশা অনুযায়ী এবং সম্পাদিত ঠিকাচুক্তির সেকশন-৬ (Bill of Quantities) ক্রমিক নং-৮ অনুযায়ী ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে। এখানে সরকারের আর্থিক ক্ষতি হয় নি বিধায় আপত্তিটি নিষপত্তি করার জন্য অডিট দপ্তরে পত্রালাপের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

১৭। প্রকল্পের উদ্দেশ্যর অর্জন সম্পর্কিত:

	পরিকল্পিত উদ্দেশ্য		**অর্জিত ফলাফল**
(ক)	সেনাবাহিনী কর্তৃক মানসম্মত শিক্ষা প্রদান করা।	(ক)	আপাত দৃষ্টিতে সফলতা অর্জন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। মানসম্মত শিক্ষার কোন সংজ্ঞা কিংবা কোন শিক্ষার সাপেক্ষে মানসম্মত এসকল তথ্য প্রকল্প দলিলের

	পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
			উল্লেখ করা নেই বিধায় উদ্দেশ্য সুনির্দিষ্টভাবে সফল হয়েছে বলার সুযোগ তৈরি হয়নি।
(খ)	সেনা সদস্যদের সন্তান সহ আশে পাশের এলাকার সকল শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি করা।	(খ)	উদ্দেশ্য সফল হয়েছে।
(গ)	রামু সেনানিবাস প্রত্যন্ত পাহাড়ি অঞ্চলে অবস্থিত। সেনানিবাস এলাকার কাছাকাছি তেমন উল্লেখযোগ্য কোন শিক্ষা প্রতিষ্ঠান নাই বিধায় আশে পাশের এলাকার প্রায় ১৮০০ জন শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি হবে।	(গ)	কাঙ্খিত উদ্দেশ্য অনেকটাই সফল হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে প্রায় ৪ বছর অতিক্রম করলেও বর্তমানে (২০২২ সালে) শিক্ষার্থীর সংখ্যা ৮২৬ জন যা কাঙ্খিত শিক্ষার্থীর চেয়ে ৫০% কম।
(ঘ)	কক্সবাজার জেলার স্বাক্ষরতার হার প্রায় ৩৯.৩০%।	(ঘ)	বিদ্যালয় এলাকার স্কুলটি এ হার বৃদ্ধিতে যথেষ্ট অবদান রাখবে মর্মে প্রতীয়মান হয়। কেননা বর্তমানে সামরিক-বেসামরিক পরিবারের শিক্ষার্থীর অনুপাত প্রায় ৫০:৫০। তবে যথাযথভাবে মূল্যায়ন করতে হলে এ সম্পর্কিত সুনির্দিষ্ট বেইজলাইন ডাটার প্রয়োজন ছিলো। প্রকল্প দলিলে কেবল কক্সবাজার জেলার স্বাক্ষরতার হার দেয়া রয়েছে। ফলে শিক্ষার হার বৃদ্ধি পেলেও আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলেই তা বৃদ্ধি পেয়েছে বা পাচ্ছে সেটা সুনির্দিষ্টভাবে বলা সুযোগ নেই।

১৭.১ পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: সাধারণভাবে কাঙ্খিত উদ্দেশ্য অনেকটাই সফল হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে প্রায় ৪ বছর অতিক্রম করলেও বর্তমানে (২০২২ সালে) শিক্ষার্থীর সংখ্যা ৮২৬ জন অর্থাৎ কাঙ্খিত শিক্ষার্থীর চেয়ে ৪৬% কম। তবে অবস্থানগত কারণে এবং বেসামরিক পরিবারের শিক্ষার্থির সংখ্যা ক্রমাগত বৃদ্ধির (বর্তমানে ৫০:৫০) ফলে বিদ্যালয়টির ভবিষ্যতে আশেপাশের এলাকার শিক্ষার হার বৃদ্ধিতে ভালো ভূমিকা রাখতে পারবে বলে প্রতীয়মান হয়। বিদ্যালয়ের কোন আবাসিক ভবন না থাকায় দূরবর্তী এলাকা থেকে শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়। ফলে শিক্ষার্থীর সংখ্যা প্রকল্প দলিলে উল্লেখিত কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে আসা যাচ্ছে না। তাছাড়া প্রকল্পের লগ ফ্রেমে মানসম্মত শিক্ষা, শিক্ষার হারের বেইজলাইন ডাটা না থাকায় প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জন হয়েছে কিনা তার পরিমাপ যথাযথভাবে করা সম্ভব হচ্ছে না।

১৮। প্রকল্পের ফলাফল স্থায়িত্বকরণ (Sustainability Plan):

(ক) ডিপিপি'র প্রভিশন: প্রতিষ্ঠানের গভর্নিং বডি পর্যাপ্ত শিক্ষক ও স্টাফ নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানটি সচল রাখার চেষ্টা করছে এবং নিজস্ব উদ্যোগে প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করছে। অর্থাৎ প্রকল্পটি সমাপ্ত হওয়ার পরে প্রতিষ্ঠানটি আত্মনির্ভরশীল হচ্ছে।

(খ) বর্তমান অবস্থা ও সমস্যা: আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত রামু ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের একাডেমিক ভবনে নিয়মিত শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষার জন্য পৃথক শ্রেণিকক্ষ ছাড়াও লাইব্রেরি, শিক্ষক ও কর্মচারীগণের জন্য কক্ষ, টয়লেটসহ সামনে খোলা মাঠ রয়েছে। ২০১৮ সালে চালু হওয়ার পর থেকে নীয়মিত নার্সারি থেকে শুরু করে দ্বাদশ শ্রেণিতে ভর্তি ও পরীক্ষা চলছে। ২০১৮ সাল থেকে নিয়মিত পিএসসি, জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে যাচ্ছে। তাছাড়া ২০২১ সাল থেকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায়ও অংশগহণ করছে। শিক্ষক ও শিক্ষার্থীর হাজিরা স্বাভাবিক, ক্লাসের পরিমাণ, শিক্ষার্থীদের সফলতা ইত্যাদি বিবেচনায় প্রতিষ্ঠানটির কার্যকলাপ মোটের উপর সন্তোষজনক হলেও প্রকল্পে বর্ণিত কাঙ্ক্ষিত পরিমান শিক্ষার্থী (২০০০ জন) এখনো পাওয়া যাচ্ছে না। ২০২২ সালে মোট শিক্ষার্থীর সংখ্যা ৮২৬ জন্য যা ডিপিপিতে উল্লেখিত শিক্ষার্থীর ৪১.৩০%। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ০১ জন অধ্যক্ষ এবং ৩৬ জন শিক্ষকসহ মোট ৬৪ জন লোকবল রয়েছে।

টেবিল ১: শিক্ষার্থী ভর্তির তথ্য (নার্সারি থেকে দ্বাদশ)

শিক্ষার্থীর সংখ্যা	সন					মোট
	২০১৮	২০১৯	২০২০	২০২১	২০২২	
সামরিক পরিবার	১৬৬	২৪১	৩১১	৩৫০	৪১৩	১৪৮১
বেসামরিক পরিবার	২২৮	৩৫১	৪১৮	৪১৭	৪১৩	১৮২৭
মোট	**৩৯৪**	**৫৯২**	**৭২৯**	**৭৬৭**	**৮২৬**	**৩৩০৮**

টেবিল ২: পাবলিক পরীক্ষার তথ্য (নার্সারি থেকে দ্বাদশ)

পরীক্ষার সন	পিইসি	জেএসসি	এসএসসি	এইচএসসি	মোট পরীক্ষার্থী	জিপিএ ৫.০০	মোট পাশের হার (%)
২০১৮	১০	১৬	০	০	২৬	৪	১০০.০০
২০১৯	৩৯	৫৪	০	০	৯৩	৩৫	১০০.০০
২০২০	০	০	০	১৯	১৯	৩	১০০.০০
২০২১	০	০	৪২	২৭	৬৯	১২	৯৮.৫৫
মোট	**৪৯**	**৭০**	**৪২**	**৪৬**	**২০৭**	**৫৪**	**৯৯.৫২**

টেবিল ৩: শিক্ষক ও অন্যান্য জনবল

সহকারী শিক্ষক		প্রশাসনিক কর্মকর্তা	অফিস সুপার	হিসাব সহকারী	কম্পিউটার অপারেটর	লাইব্রেরি সহকারী	স্টোরম্যান	ল্যাব সহকারী	পিয়ন	আয়া	নিরাপত্তাকর্মী	মালী
স্থায়ী	অস্থায়ী											
২৪	১২	০১	০১	০২	০৩	**০১**	**০১**	**০১**	**০২**	**০৪**	**০৩**	**০২**

বিদ্যালয়ের কোন আবাসিক ভবন না থাকায় দূরবর্তী এলাকা থেকে শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়। ফলে শিক্ষার্থীর সংখ্যা প্রকল্প দলিলে উল্লেখিত কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে আসা যাচ্ছে না।

১৯। নিজস্ব উদ্যোগে করা কিছু ব্যতিক্রমী উদ্ভাবনী কার্যক্রম:

বিভিন্ন পরিদর্শনের সুপারিশ এবং বাস্তবতা বিবেচনায় প্রতিষ্ঠান তার নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় শহিদ মিনার, লাইব্রেরি রুম, মাল্টিমিডিয়া স্থাপন, শেখ রাসেল কর্নার স্থাপন, মাঠের ঢালুতে রিটেইনিং ওয়াল ও একাডেমিক ভবনের পিছনের পাহাড়ি ঢালুতে মাটি ভরাট, বৃক্ষরোপন কার্যক্রম, সার্কিট রোড নির্মাণ, বাস পার্কিং স্থান নির্মাণ, শিক্ষা সহায়ক বোর্ড তৈরি, বিভিন্ন আসবাবপত্র/দরজা মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন করেছে যা নিঃসন্দেহে প্রসংশার দাবী রাখে এবং প্রতিষ্ঠানটির সক্ষমতার পরিচয় বহন করে।








শেখ রাসেল কর্নার স্থাপন, লাইব্রেরি রুম, মাল্টিমিডিয়া স্থাপন, শহিদ মিনার, একাডেমিক ভবনের পিছনে বৃক্ষরোপন কার্যক্রম

২০। লগফ্রেম সংক্রান্ত: প্রকল্পের প্রকল্পের উদ্দেশ্যেবলা হয়েছে রামু সেনানিবাস এবং পাশ্ববর্তী এলাকার সামরিক-বেসামরিক ব্যক্তিবর্গের ছেলে-মেয়েদের জন্য মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি করা। কিন্তু মানসম্মত শিক্ষার কোন সংজ্ঞা প্রকল্প দলিলের কোথাও উল্লেখ করা নেই। ফলে প্রকল্প বাস্তবায়নের পর সেটার মূল্যায়ন যথাযথভাবে উঠে আসবে না।

২১। প্রকল্পের স্থান নির্বাচন সংক্রান্ত: নতুন স্থাপিত রামু সেনানিবাস এর পাশে রামু ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ভবনটি নির্মাণের জন্য নির্ধারিত স্থানটি সমতল ভূমি থেকে প্রায় ৪০/৫০ ফুট উঁচু পাহাড় বেষ্টিত স্থান। প্রকল্পটি পাহাড়ী এলাকায় অবস্থিত ও এর পার্শ্ববতী অন্যান্য পাহাড়ের মাঝে বিদ্যমান গভীর খাদের অতি সন্নিকটে অবস্থিত এবং এখানকার মাটি খুবই ভংঙ্গুর প্রকৃতির মর্মে প্রতীয়মান হয়। তাছাড়া এই বিষয়টি পরিদর্শন প্রতিবেদনেও উঠে এসেছে। যদিও প্রকল্প থেকে এবং কলেয কর্তৃপক্ষের নিজস্ব উদ্যোগে স্থানটির স্থায়িত্ব বৃদ্ধিকরণে কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। তাই প্রকল্পের স্থান নির্বাচন এবং এর ভূমি ব্যবস্থাপনায় আরো সতর্ক থাকার প্রয়োজনীয়তা অনুভূত হয়।

২২। অন্যান্য পর্যালোচনা:

২২.১ প্রকল্পের আওতায় নির্মিত সকল অবকাঠামো এবং আওনুষঙ্গিক যন্ত্রপাতী ব্যবহৃত হচ্ছে। তবে কাঙ্ক্ষিত শিক্ষার্থী না পাওয়ায় নির্মিত বা সংগৃহীত সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত হচ্ছে না। যেহেতু প্রতিষ্ঠানটি উপজেলা পর্যায়ে অবস্থিত এবং শুধুমাত্র সে উপজেলার শিক্ষার্থীদের সংখ্যা বিবেচনায় নির্মিত হয়নি, সেহেতু বিদ্যালয়ের আবাসিক ভবন নির্মান না হলে দূরবর্তী এলাকা থেকে শিক্ষার্থী পাওয়া যাবে না মর্মে প্রতীয়মান হয়।

২২.২ আইএমইডি ০৪ ফরমেটের বিভিন্ন টেবিলে (অডিট সংক্রান্ত ও ক্রয় সম্পর্কিত) কিছু কিছু কলাম শুন্য রাখা হয়েছে। তাছাড়া পরিদর্শনকালে দায়িত্বরত অফিসারগন তাৎক্ষণিকভাবে এ সংক্রান্ত তথ্য পরিদর্শনকারীর নিকট উপস্থাপন করতে পারেন নি। ফলে মূল্যায়ন প্রতিবেদন তৈরিতে বিলম্ব হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট এসডিই জানান যে, প্রকল্পের এ সংক্রান্ত মূল ফাইল গ্যারিসন ইঞ্জিনিয়ারিং শাখা, বান্দরবানে সংরক্ষিত থাকে। এক্ষেত্রে পরিদর্শনকারীর ট্যুর প্রোগ্রমে উল্লেখ থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট ফাইলসমূহ পরিদর্শনস্থলে নিয়ে না আসা কাঙ্ক্ষিত নয়। তাছাড়া দাখিলকৃত পিসিআরে প্রকল্প পরিদর্শনের সুনির্দিষ্ট তথ্য নেই। মন্ত্রণালয়/বিভাগ, ইইনসি'র শাখা, আইএমইডি কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হয়েছে উল্লেখ করা হলেও কর্মকর্তার নাম, পদবি, পরিদর্শনের তারিখ, প্রাপ্ত সমস্যা, সুপারিশসমূহ এবং তৎপ্রেক্ষিতে গৃহীত ব্যবস্থাসমূহ উল্লেখ করা হয়নি।

২২.৩ পরীক্ষান্তে দেখা যায় যে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অনুমোদিত ডিপিপি সংস্থানের অতিরিক্ত উল্লিখিত ব্যয়ে উক্ত অতিরিক্ত কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। বাস্তবতার প্রেক্ষিতে উক্ত অতিরিক্ত কাজের প্রয়োজনীয়তা থাকলেও তা বাস্তবায়নের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া আবশ্যক ছিল যা করা হয়নি। যদিও বিদ্যালয় ভবন নির্মাণকালীন সময়ে মৌসুমী অতিবৃষ্টির কারণে ভূমি ধ্বস শুরু হলে জরুরি ভিত্তিতে ভূমি উন্নয়ন অংগের আওতায় অনুমোদন বর্হিভূতভাবে ভূমি উন্নয়ন, গাইড ওয়াল, রিটেইনিং ওয়াল নির্মাণ করতে হয়েছে বলা হলেও প্রস্তাবিত সংশোধিত DPP'তে অতিরিক্ত

কাজের অনুমোদন চাওয়া হয়েছিলো (Post Focto Approval) যা ছিলো সম্পূর্ণভাবে পরিকল্পনা শৃঙ্খলার পরিপন্থী। বাস্তবতার কারণে অতিরিক্ত কাজের প্রয়োজন থাকা সত্ত্বেও যথাযথ কর্তৃপক্ষের পূর্বানোমোদন নেওয়া প্রয়োজন ছিল। এ ক্ষেত্রে উদ্যোগী মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সুপারিশ করা হলেও সুপারিশ অনুযায়ী কোন ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে দৃষ্টিগোচর হয়নি। তাছাড়া এ প্রকল্প গ্রহণের পূর্বে সীমীত পরিসরে প্রকল্পের সম্ভব্যতা সমীক্ষা যাচাই করা হলেও সমীক্ষায় মৌসুমী বৃষ্টির কারণে যে প্রকল বাস্তবায়নে সমস্যা সৃষ্টি হতে পারে সে বিষয়টি উঠে আসেনি।

২২.৪ বিগত ০৬.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলেও দীর্ঘ ৪ মাস পর ১৬.০৫.২০১৯ তারিখে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি বাস্তবায়নে কিছু জটিলতা এবং সংশোধনীতে Post Facto অনুমোদনের কিছু বিষয় থাকায় সভায় প্রতিরক্ষা মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের আর্থসামাজিক বিভাগ ও কার্যক্রম বিভাগ, আইএমইডি এবং বাস্তবায়নকারী সংস্থা ইইনসি'র শাখা, পুর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস-এর সমন্বয়ে একতি টিম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। টিম বিগত ২৫.০৫.২০১৯ তারিখে সরেজমিনে পরিদর্শন করে বিগত ২৮.০৫.২০১৯ তারিখে তাদের প্রতিবেদন প্রদান করে। পরবর্তীতে টিমের মতামতের প্রেক্ষিতে ৩০.০৬.২০১৯ তারিখে পুনরায় ডিপিইসই সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ডিপিপি পুনর্গঠন করে প্রকল্পটি মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ১ম সংশোধনের প্রশাসনিক অনুমোদন করা হয়। একই দিনে প্রকল্পটির মেয়াদ সমাপ্ত হয়ে যায়। প্রকল্পটি ২০১৮-১৯ অর্থবছরে সম্পাতির তালিকায় থাকায় ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) থেকে বাদ পড়ে যায়। এখানে উল্লেখ্য যে ডিপিইসি সভার সুপারিশের প্রেক্ষিতে প্রকল্পের সংশোধনের অমুমোদন প্রক্রিয়াটি মন্ত্রীপর্যায়ে নিষ্পত্তি হয়ে থাকে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মাননীয় প্রধানমন্ত্রী দপ্তরে অর্থ বছরের শেষ পর্যায়ে সমাপ্তযোগ্য কোন প্রকল্পের সংশোধনীর সার-সংক্ষেপ প্রেরণ করা কোনভাবেই কাম্য ছিলো না।

২২.৫ তাছাড়া মন্ত্রণালয় পর্যায়ে ১ম সংশোধনের সময় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার সুযোগ থাকলেও বিষয়টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়নি। যেহেতু ৩০.০৬.২০১৯ তারিখে প্রকল্পটির ১ম সংশোধনী করা হয়, সেহেতু একই সাথে মেয়াদ বৃদ্ধি করা যৌক্তিক ছিলো। কেননা আইএমইডি কর্তৃক মেয়াদ বৃদ্ধির মাতামতের জন্য প্রকল্পের মেয়াদ সমাপ্তির ০৩ (তিন) মাস পূর্বে প্রস্তাব প্রেরণ করতে হয়। ফলে দেখা যায় যে, সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির জন্য অতিরিক্ত ২৫৯.৯০ লক্ষ ট্যাকাসহ মোট ৮২২.৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজন হলে এবং অর্থবছরের শেষ দিন প্রকল্পটি অনুমোদিত হওয়ায় অন্য কোন প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে অতিরিক্ত বাজেট বরাদ্দ সম্ভব হয়নি বিধায় প্রকল্পটি জুন ২০১৯ এর পরিবর্তে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডিতে প্রস্তাব প্রেরণ করতে হয় এবং আইএমইডি-কে Post Facto মতামত প্রদান করতে হয়। অথচ সংশোধনী পর্যায়ে মেয়াদ বৃদ্ধি করলে এটা খুব সহজেই ব্যবস্থাপনা করা যেতো।

সার্বিক বিবেচনায় দেখা যায় অনুমোদন ব্যতিরেকে অতিরিক্ত ব্যয় করা, সংশোধনী এবং মেয়াদ বৃদ্ধি করতে গিয়ে সরকারি আর্থিক শৃঙ্খলা ও বাজেট ব্যবস্থাপনায় জটিলতা সৃষ্টি হয়েছিলো যা কোনক্রমেই কাম্য ছিলো না।

২৩। **প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:**








রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের একাডেমিক ভবন, হলরুম, ক্লাসরুম, গবেষণাগার, লাইব্রেরি, শেখ রাসেল কর্নারসহ অন্যান্য স্থাপনা পরিদর্শনের চিত্র

২৪। মতামত/সুপারিশ

২৪.১ মাটি ভরাট/সাইট ডেভেলপমেন্টের কাজ যথাযথভাবে পরিমাপের লক্ষ্যে ডিপিপি'তে প্রি-এস্টিমেট করে তার বিস্তারিত বর্ণনা ডিপিপিতে সংযুক্ত থাকা দরকার। পরবর্তীতে প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে তা সংযুক্ত করা যেতে পারে (১২.১);

২৪.২ শিক্ষা প্রতিষ্ঠানটিতে সুরক্ষিত সীমানা প্রাচীর নির্মাণ, স্কুল এন্ড কলেজের একাডেমিক ভবন, আসবাবপত্র সংস্কার/মেরামত এবং একাডেমিক ভবনের পিছনের ঢাল সুসংহতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তার নিজস্ব তহবিল থেকে ব্যবস্থা গ্রহণ পারে (১২.২);

২৪.৩ পরিদর্শনকালে প্রকল্পের বাস্তবায়োনের সাথে সম্পর্কিত নথিসমূহ পরিদর্শনস্থলে উপস্থাপন কিংবা নথিসমূহের একটি প্রত্যায়িত ছায়ালিপি প্রকল্প সাইটে সংরক্ষণ করার জন্য বাস্তবায়নকারী সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো (১৩);

২৪.৪ অডিট আপত্তি নিষ্পত্তির প্রমাণকসমূহ দ্রুত আইএমইডি'তে প্রেরণ করতে হবে (১৬)।

২৪.৫ রামু ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের অবস্থানগত ও চাহিদা বিবেচনায় ভবিষ্যৎ সম্ভাবনা থাকায় কর্তৃপক্ষ নিজস্ব অর্থায়নে আবসিক ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে পারে (১৭.১)।

২৪.৬ প্রকল্পটি সমাপ্ত হওয়ার পরে প্রতিষ্ঠানটি নিজস্ব উদ্যোগে বিভিন্ন শিক্ষার্থী বান্ধব কার্যক্রম পরিচালনা করছে যা নিঃসন্দেহে প্রসংশার দাবী রাখে এবং প্রতিষ্ঠানটির সক্ষমতার পরিচয় বহন করে। কর্তৃপক্ষ কর্তৃক এ ধরণের উদ্যোগ অব্যাহত রাখা যেতে পারে (১৯);

২৪.৭ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের পূর্বেই পরিপত্র অনুযায়ী প্রকল্পের সম্ভাবতা সমীক্ষা যাচাই করতে হবে (২১) । পরবর্তী প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প সংশোধনী, মেয়াদ বৃদ্ধি এবং সঠিকভাবে পিসিআর/ আইএমইডি-০৪ ফরমেট প্রণয়ণ ও প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো (২২.৩.৫);

২৪.৮ যথাযথ কর্তৃপক্ষের পূর্বানোমোদন না নিয়ে প্রকল্পে অতিরিক্ত কাজ করার বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সুপারিশ করা হলেও সুপারিশ অনুযায়ী কোন ব্যবস্থা নেয়া হয়েছে মর্মে দৃষ্টিগোচর হয়নি (২২.৩.৩)। এ সকল বিষয়ে মন্ত্রণালয়কে আরো সতর্ক দৃষ্টি রাখার বিষয়ে অনুরোধ করা হলো;

২৪.৯ উল্লিখিত সুপারিশসমূহের উপড় গৃহীত পদক্ষেপ সম্পর্কে বাস্তাবয়নকারী সংস্থা প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আইএমইডি'কে আগামী ৩১ অক্টোবর ২০২৩ মধ্যে অবহিত করতে হবে।